# ত্রৈমাসিক মানবাধিকার প্রতিবেদন

**এপ্রিল-জুন ২০২৫**

**প্রকাশক: অধিকার**

প্রকাশকাল: ২৪ জুলাই ২০২৫

# মুখবন্ধ

১৯৯৪ সালে প্রতিষ্ঠিত হবার পর থেকে একটি মানবাধিকার সংগঠন হিসেবে *অধিকার* রাষ্ট্রের হাতে সংঘটিত মানবাধিকার লঙ্ঘনের ঘটনাগুলো তুলে ধরেছে। *অধিকার* দলমত নির্বিশেষে মানবাধিকার লঙ্ঘনের শিকার ব্যক্তিদের পাশে দাঁড়িয়েছে এবং তাঁদের নিরাপত্তা নিশ্চিত করা ও ন্যায় বিচার প্রতিষ্ঠার জন্য কাজ করছে। জুলাই-অগাস্ট ছাত্র-জনতার আন্দোলনে অন্ততপক্ষে ১৪০০ মানুষকে হত্যা করার পর ২০২৪ সালের ৫ অগাস্ট গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত হয় কর্তৃত্ববাদী শাসক শেখ হাসিনার সরকার। এরপর অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের আগে গণতান্ত্রিক নীতি প্রতিষ্ঠা এবং মানবাধিকারের প্রতি সম্মান পুনঃস্থাপনের প্রতিশ্রুতি দেয় ড. ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার। কিন্তু রাজনৈতিক সহিংসতা ও দুর্বৃত্তয়ান এই প্রতিশ্রুতির অন্তরায় হয়ে উঠেছে।

*অধিকার* ২০২৫ সালের এপ্রিল-জুন তিন মাসের প্রতিবেদনে মানবাধিকার লঙ্ঘনের ঘটনাগুলো তুলে ধরছে এবং এই ব্যাপারে পর্যালোচনা করে রাষ্ট্রকে এই ধরনের ঘটনাগুলো থেকে বিরত থাকতে সতর্ক করছে। এছাড়াও, *অধিকার* মনে করে, মানবাধিকার লঙ্ঘনের বিরুদ্ধে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে এমন একটি প্রতিষ্ঠান হলো জাতীয় মানবাধিকার কমিশন। কিন্তু বর্তমান আইনে সীমিত ক্ষমতা দেয়া হয়েছে এই কমিশনকে। অথচ মানবাধিকার লঙ্ঘনের ঘটনাগুলো নিয়ে কাজ করার জন্য প্রয়োজনীয় আইন সংশোধনের মাধ্যমে জাতীয় মানবাধিকার কমিশনকে একটি শক্তিশালী ও কার্যকরী রাষ্ট্রীয় প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার প্রয়োজন রয়েছে।

গুরুতর মানবাধিকার লঙ্ঘনের বিশ্বাসযোগ্য অভিযোগ থাকার কারণে র‍্যাবের অবলুপ্তির জন্য মানবাধিকার কর্মীদের পক্ষ থেকে দীর্ঘদিন ধরে দাবী তোলা হয়েছে, এ ব্যাপারে অন্তর্বর্তী সরকারকে পদক্ষেপ নিতে হবে।

এছাড়া, গুম,বিচারবহির্ভূত হত্যাকাণ্ড ও অন্যান্য মানবাধিকার লঙ্ঘনের দায়ে অভিযুক্ত সামরিক বাহিনীর শীর্ষ কর্মকর্তাদের মধ্যে যারা কর্তৃত্ববাদী হাসিনা সরকারের পতনের পর দেশ থেকে পালিয়ে যায়, তাদেরও বিচারের আওতায় আনার ব্যাপারে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

২০১৬ সালে তৎকালিন কর্তৃত্ববাদী সরকার বেসরকারি সংস্থা (এনজিও)'র ওপর নিয়ন্ত্রণ আরোপের জন্য বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন পাশ করে। এই আইনের ১৪ ও ১৫ ধারায় কোন এনজিও বা এনজিওর কর্মকর্তা সংবিধান বা সাংবিধানিক প্রতিষ্ঠান নিয়ে বিরূপ বা অশোভন কোন মন্তব্য করলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের বিধান রাখা হয়েছে। সংসদ, বিচার বিভাগ, আইন কমিশন, নির্বাচন কমিশন ও এ্যাটর্নি জেনারেল সম্পর্কে কোন বিরূপ বা অশোভন মন্তব্য করা হয়েছে মর্মে সরকারের কাছে প্রতীয়মান হলে এনজিও'র নিবন্ধন বাতিল বা স্থগিত করা যাবে।[১] বেসরকারী সংস্থাগুলো বিশেষ করে মানবাধিকার সংস্থা যারা নাগরিক ও রাজনৈতিক অধিকার নিয়ে কাজ করে এবং ভিক্টিমদের প্রতি অবিচারের প্রতিকার চায়, তাদের কর্মকাণ্ড বন্ধ করার লক্ষ্যে এই আইনটি করা হয়েছিল। কিন্তু এখনও অন্তর্বর্তী সরকার এই আইনের নিবর্তনমূলক ধারাগুলো বাতিল করে নাই।

এক দিকে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) বাংলাদেশ-ভারত সীমান্তে বাংলাদেশী নাগরীকদের হত্যা ও নির্যাতন অব্যাহত রেখেছে । অন্যদিকে সীমান্ত দিয়ে রোহিঙ্গা ও  অন্যান্য মুসলিম জনগোষ্ঠীকে ভারতীয় শাসক গোষ্ঠী বাংলাদেশে অবৈধভাবে ঠেলে পাঠিয়ে দিচ্ছে, যা অত্যন্ত উদ্বেগজনক।

*অধিকারএর* সাথে সংশ্লিষ্ট মানবাধিকার কর্মীদের পাঠানো প্রতিবেদন এবং বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত তথ্য-উপাত্তের ভিত্তিতে এই প্রতিবেদনটি প্রস্তুত করা হয়েছে।

---

[১] https://legislativediv.portal.gov.bd/sites/default/files/files/legislativediv.portal.gov.bd/page/db174165_ab20_468c_ba5a_3616f0527ae9/Act%20No%2043%20of%202016.pdf

# সূচীপত্র


মানবাধিকার লঙ্ঘনের পরিসংখ্যান: আগস্ট ২০২৪ - জুন ২০২৫ ....১
এই প্রতিবেদন সংক্রান্ত কিছু কথা....২
ক. মানবাধিকার পরিস্থিতি....৩
*আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল* ....৩
*বিচারবহির্ভুত হত্যাকাণ্ড* .... ৪
*আইন প্রয়োগকারী সংস্থার সদস্য কর্তৃক হেফাজতে নির্যাতন ও মৃত্যু*....৫
*মর্যাদাহানিকর আচরণ, ও জবাবদিহিতার অভাব*....৫
*গুম* ....৬
মৃত্যুদণ্ডের বিধান ও মানবাধিকার....৮
কারাগার ও বন্দীদের মানবাধিকার....৮
নিবর্তনমূলক আইন ও গ্রেপ্তার ....৯
*সাইবার সুরক্ষা অধ্যাদেশ* ....৯
*বিশেষ ক্ষমতা আইন* ....১০
*উপাত্ত সুরক্ষা অধ্যাদেশের খসড়া* ....১০
খ. জনগনের অধিকার এর ওপর আক্রমন ....১১
*হয়রানীমূলক ও মিথ্যা মামলা*....১১
আদালত প্রাঙ্গনে অভিযুক্তদের ওপর হামলা ....১২
*সভা-সমাবেশের অধিকার*....১২
মতপ্রকাশের স্বাধীনতা ....১৩
সংবাদ মাধ্যমের স্বাধীনতা....১৫
গণপিটুনী দিয়ে হত্যা ও সহিংসতা....১৬
রাজনৈতিক সংগঠন ....১৬
*বিএনপি'র অভ্যন্তরীণ কোন্দল* ....২০
*আওয়ামীলীগের অভ্যন্তরীণ কোন্দল* ....২০
গ. নারীর প্রতি সহিংসতা....২২
*ধর্ষণ* ....২২
*যৌন হয়রানি*....২৩
*যৌতুক সহিংসতা*.... ২৪
ঘ. তৈরি পোশাক শিল্পের শ্রমিকদের অবস্থা ....২৫
ঙ. ধর্মীয় সংখ্যালঘুদের মানবাধিকার....২৬
চ. বাংলাদেশ-ভারত সীমান্ত....২৬
*বিএসএফ কর্তৃক হত্যা নির্যাতন*....২৬
*ভারত কর্তৃক বাংলাদেশের বিরুদ্ধে মিথ্যা প্রচারণা* .... ২৭
*অবৈধ পুশইন*....২৮
*ভারত কর্তৃক বাংলাদেশের ভূমি দখল*....২৮
ছ. সুপারিশসমূহ: ....২৯

# মানবাধিকার লঙ্ঘনের পরিসংখ্যান: আগস্ট ২০২৪-জুন ২০২৫

**অন্তর্বর্তীকালীন সরকার এর সময়কাল**

**০৯ আগস্ট ২০২৪ - জুন ২০২৫***

| মানবাধিকার লঙ্ঘনের ধরন | | ০৯-৩১ আগস্ট '২৪ | সেপ্টেম্বর '২৪ | অক্টোবর '২৪ | নভেম্বর '২৪ | ডিসেম্বর '২৪ | জানুয়ারি '২৫ | ফেব্রুয়ারি '২৫ | মার্চ '২৫ | এপ্রিল '২৫ | মে '২৫ | জুন '২৫ | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বিচারবহির্ভূত হত্যাকাণ্ড | নির্যাতনে মৃত্যু | ০ | ৫ | ১ | ১ | ০ | ১ | ০ | ১ | ০ | ১ | ১ | ১১ |
| | গুলিতে নিহত | ০ | ৪ | ০ | ০ | ০ | ১ | ৩ | ০ | ১ | ২ | ২ | ১৩ |
| | পিটিয়ে হত্যা | ০ | ০ | ০ | ০ | ১ | ৩ | ০ | ০ | ০ | ১ | ০ | ৫ |
| | **মোট** | **০** | **৯** | **১** | **১** | **১** | **৫** | **৩** | **১** | **১** | **৪** | **৩** | **২৯** |
| কারাগারে মৃত্যু | | ৪ | ৫ | ৪ | ৩ | ৪ | ৬ | ৬ | ৭ | ১২ | ৫ | ৫ | ৬১ |
| মৃত্যুদণ্ড | মৃত্যুদণ্ডাদেশ | ১৮ | ১০ | ৩৮ | ৮ | ০ | ৭ | ১১ | ৬ | ১৪ | ৪২ | ৬ | ১৬০ |
| বিএসএফ কর্তৃক মানবাধিকার লঙ্ঘন | বাংলাদেশী নিহত | ১ | ২ | ২ | ০ | ৫ | ২ | ৩ | ১ | ৫ | ৩ | ১ | ২৫ |
| | বাংলাদেশী আহত | ২ | ০ | ১ | ২ | ১ | ৩ | ৫ | ১ | ১ | ৪ | ০ | ২০ |
| | পুশ ইন | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১১৩৬ | ৬৪৭ | ১৭৮৩ |
| | **মোট** | **৩** | **২** | **৩** | **২** | **৬** | **৫** | **৮** | **২** | **৬** | **১১৪৩** | **৬৪৮** | **১৮২৮** |
| সাংবাদিকদের ওপর আক্রমণ | আহত | ৫ | ২ | ৩ | ৫ | ৩ | ৭ | ২০ | ২০ | ৫ | ২৩ | ২ | ৯৫ |
| | লাঞ্ছিত | ০ | ০ | ২ | ২ | ২ | ৪ | ১ | ৫ | ৩ | ৩ | ১০ | ৩২ |
| | আক্রমণ | ০ | ০ | ১ | ২ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ১ | ৫ |
| | হুমকির সম্মুখীন | ৩ | ০ | ০ | ১ | ২ | ০ | ৩ | ২ | ৯ | ২ | ০ | ২২ |
| | মামলা | ০ | ৩ | ০ | ০ | ০ | ০ | ০ | ৩ | ৫ | ০ | ০ | ১১ |
| | **মোট** | **৮** | **৫** | **৬** | **১০** | **৭** | **১১** | **২৫** | **৩০** | **২২** | **২৮** | **১৩** | **১৬৫** |
| রাজনৈতিক সহিংসতা | নিহত | ৩৩ | ১৯ | ১৯ | ১০ | ৯ | ১৪ | ১৩ | ৪৪ | ৩০ | ২২ | ২০ | ২৩৩ |
| | আহত | ৪৬৭ | ৮৪৩ | ৪৫৯ | ২৫৬ | ৪৫৩ | ৪৭০ | ৬৩২ | ৯০০ | ৭৬৮ | ৪২৫ | ৪৮৪ | ৬১৫৭ |
| | **মোট** | **৫০০** | **৮৬২** | **৪৭৮** | **২৬৬** | **৪৬২** | **৪৮৪** | **৬৪৫** | **৯৪৪** | **৭৯৮** | **৪৪৭** | **৫০৪** | **৬৩৯০** |
| নারীর ওপর যৌতুক সহিংসতা | নিহত | | | | | | ১ | ৫ | ২ | ৩ | ৩ | ৫ | ১৯ |
| | নির্যাতন | | | | | | ১ | ০ | ৪ | ৩ | ১ | ৪ | ১৩ |
| | আত্মহত্যা | | | | | | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ১ |
| | **মোট** | **০** | **০** | **০** | **০** | **০** | **২** | **৫** | **৭** | **৬** | **৪** | **৯** | **৩৩** |
| ধর্ষণ | মেয়ে শিশু (১৮ বছরের নিচে) | | | | | | ২৪ | ৩৯ | ১০১ | ৫২ | ২৮ | ২৯ | ২৭৩ |
| | প্রাপ্ত বয়স্ক নারী | | | | | | ৬ | ১২ | ৪৫ | ২৪ | ২২ | ৩২ | ১৪১ |
| | বয়স জানা যায়নি | | | | | | ১৮ | ১৪ | ২১ | ৮ | ৬ | ৭ | ৭৪ |
| | **মোট** | **০** | **০** | **০** | **০** | **০** | **৪৮** | **৬৫** | **১৬৭** | **৮৪** | **৫৬** | **৬৮** | **৪৮৮** |
| যৌন হয়রানীর শিকার | | | | | | | ০ | ৪ | ১০ | ৭ | ৬ | ১ | ২৮ |
| গণপিটুনীতে মৃত্যু | | ১৪ | ১৭ | ১২ | ৩ | ১০ | ৬ | ১৩ | ১৪ | ৭ | ৮ | ৪ | ১০৮ |

* অধিকার ডকুমেন্টেশন

# এই প্রতিবেদন সংক্রান্ত কিছু কথা

এই প্রতিবেদনটিকে নির্দিষ্ট কয়েকটি অংশে সাজানো হয়েছে। প্রথম অংশে নাগরিক ও রাজনৈতিক অধিকার সংক্রান্ত  সে সব বিষয়ে আলোকপাত করা হয়েছে যেসব বিষয়ে সুরক্ষার দায়িত্ব নির্বাহী বিভাগ, বিচার বিভাগ ও আইনসভা- রাষ্ট্রের এ তিনটি প্রধান অঙ্গপ্রতিষ্ঠানের ওপর ন্যস্ত। এইসব অধিকারের মধ্যে রয়েছে ন্যায্য বিচারপ্রাপ্তির অধিকার, জীবনের অধিকার, মর্যাদার অধিকার এবং নির্যাতন ও অবমাননাকর আচরণ থেকে মুক্ত থাকার অধিকার।

প্রতিবেদনটির দ্বিতীয় অংশে অধিকার ভোগের পথে বাধা কিংবা হামলার ঘটনাগুলো তুলে ধরা হয়েছে, যেসব ঘটনায় রাষ্ট্রীয় কর্তৃপক্ষের সরাসরি কোন সম্পৃক্ততা ছিল না। এই ধরনের ঘটনার উদাহরণ হিসেবে উচ্ছৃঙ্খল জনতা কর্তৃক সংঘটিত সহিংসতা, রাজনৈতিক সহিংসতা, প্রতিদ্বন্দ্বী পক্ষের দ্বারা জনসমাবেশ ও জমায়েতে হামলা এবং সাংবাদিকদের ওপর হামলার বিষয়গুলো তুলে ধরা হয়েছে।

তৃতীয় অংশে নারীদের ওপর সহিংসতার বিষয়ে আলোকপাত করা হয়েছে। পরবর্তী দুটি আলাদা অংশে শ্রমজীবী মানুষ এবং সংখ্যালঘু সম্প্রদায়ের নাগরিকদের অধিকার-সংক্রান্ত বিষয়গুলো নিয়ে আলোচনা করা হয়েছে। সুপারিশসমূহ উপস্থাপনের আগে প্রতিবেদনটিতে বাংলাদেশ-ভারত সীমান্তসংক্রান্ত একটি অতি সংবেদনশীল অধ্যায় সংযুক্ত করা হয়েছে।

# ক. মানবাধিকার পরিস্থিতি

## *আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল*

১. গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের দায়ে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এবং সাবেক আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল মামুনের বিরুদ্ধে গত ১ জুন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে অভিযোগপত্র দাখিল করেন চিফ প্রসিকিউটার তাজুল ইসলাম। এই মামলায় শেখ হাসিনাকে মূলপরিকল্পনাকারী এবং সর্বোচ্চ হুকুম দাতা হিসেবে উল্লেখ করা হয়।[২] এই অভিযোগ দাখিলের মধ্যে দিয়ে শেখ হাসিনার বিরুদ্ধে প্রথম কোনো মামলার বিচার কার্যক্রম আনুষ্ঠনিকভাবে শুরু হলো। চৌধুরী আবদুল্লাহ আল মামুন গ্রেফতার থাকায় মানবতাবিরোধী পাঁচ অভিযোগ আমলে নিয়ে শেখ হাসিনা ও আসাদুজ্জামান খান কামালের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন বিচারপতি মো. গোলাম মতূর্জা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের ট্রাইব্যুনাল। পুরো বিচার প্রক্রিয়া বাংলাদেশ টেলিভিশন এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের পেজ থেকে সরাসরি সম্প্রচার করা হয়। আদালত থেকে বিচার প্রক্রিয়া সরাসরি সম্প্রচার দেশের ইতিহাসে প্রথম।[৩] গত ৩ এপ্রিল আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটার তাজুল ইসলাম সাংবাদিকদের জানান, বিগত আওয়ামী লীগ সরকারের পলাতক সুবিধাভোগীরা জুলাই-অগাস্টের গণহত্যার বিচারের তদন্ত কার্যক্রম ও বিচারপ্রক্রিয়া বানচাল করতে মোটা অংকের অর্থের বিনিময়ে যুক্তরাজ্যের একটি লবিস্ট ফার্মকে নিয়োগ করেছে। একই সঙ্গে সামাজিক যোগাযোগমাধ্যমে নিয়মিতভাবে তদন্ত কার্যক্রম ও প্রসিকিউটারদের সম্পর্কে গুজব, ভুল তথ্য, মিথ্যা অপবাদ ছড়াচ্ছে। এছাড়া হাসিনা সরকারের পতনের পর সেই সরকারের আজ্ঞাবহ ব্যক্তিরা বিভিন্ন গুরুত্বপূর্ণ সাক্ষ্যপ্রমাণ বিনষ্ট করার চেষ্টা করেছে বলেও অভিযোগ করেছে চিফ প্রসিকিউটারের কার্যালয়।[৪]

২. গত ১৬ জুন আর্ন্তজাতিক অপরাধ ট্রাইব্যুনাল জুলাই-অগাস্ট গণ-অভ্যুত্থানে মানবতাবিরোধী অপরাধের মামলায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খানকে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে হাজির হতে সংবাদপত্রে বিজ্ঞপ্তি দেয়ার নির্দেশ দিয়েছেন।[৫] গত ১৭ জুন শেখ হাসিনা ও তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খানকে আত্মসমর্পণের নির্দেশ দিয়ে নোটিশ জারি করে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। ২৪ জুনের মধ্যে তাদের হাজির হতে বলা হয়েছিল। বিজ্ঞপ্তি প্রকাশের ৭ দিনের মধ্যে হাজির না হলে তাদের অনুপস্থিতিতে বিচার কাজ চলবে।[৬]

৩. *অধিকার* মনে করে, ট্রাইব্যুনালের আন্তর্জাতিক মান বজায় রেখে সুষ্ঠু বিচার প্রক্রিয়া নিশ্চিত করতে পারলে ভুক্তভোগী ও তাঁদের পরিবারগুলোর ন্যায়বিচার পাওয়া সম্ভব হবে। অন্যান্য দেশের সরকারগুলোরও উচিত বাংলাদেশের ন্যায়বিচার প্রক্রিয়াকে সমর্থন জানানো।

---

[২] https://thefinancialexpress.com.bd/national/hasina-ordered-july-uprising-killings-ict-probe-report

[৩] হাসিনার বিচার শুরু, আমার দেশ ২ জুন ২০২৫; https://eamardesh.com/2025-06-02, শেখ হাসিনার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা, যুগান্তর ২ জুন ২০২৫; https://www.jugantor.com/tp-firstpage/961391

[4] ট্রাইব্যুনালের বিচারপ্রক্রিয়া বাধাগ্রস্ত করতে লবিস্ট ফার্ম নিয়োগ: চিফ প্রসিকিউটর কার্যালয়, প্রথম আলো ১০ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/cs0ttfq6ng

[৫] শেখ হাসিনাকে হাজির হতে বিজ্ঞপ্তি প্রকাশের নির্দেশ, প্রথম আলো ১৭ জুন ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/41q2khvncm

[৬] জুলাই গণহত্যা মামলা: শেখ হাসিনার বিরুদ্ধে অভিযোগ গঠনের আদেশ ১০ জুলাই, ইত্তেফাক, ৭ জুলাই ২০২৫; https://www.ittefaq.com.bd/740235/

## *বিচারবহির্ভূত হত্যাকাণ্ড*

৪. অন্তর্বর্তীকালীন সরকার 'যৌথবাহিনী' গঠন করে দেশের আইন শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণ করার চেষ্টা করছে। কিন্তু এই সময়েও আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের বিরুদ্ধে বিভিন্ন অপরাধে যুক্ত হওয়া এবং নির্যাতন ও বিচারবহির্ভূত হত্যার অভিযোগ পাওয়া গেছে।

৫. গত ২১ এপ্রিল বরিশালের উজিরপুরে যৌথবাহিনী কর্তৃক মাদকবিরোধী অভিযান চলাকালে সিয়াম মোল্লা নামে এক কলেজ ছাত্র গুলিবিদ্ধ হয়ে নিহত হন। এই ঘটনায় নিহত সিয়াম মোল্লার ফুফাতো ভাই এসএসসি পরিক্ষার্থী রাকিব মোল্লা পেটে গুলিবিদ্ধ হয়ে বরিশাল শেরে বাংলা চিকিৎসা মহাবিদ্যালয়ে চিকিৎসাধীন আছেন। এই ব্যাপারে একটি মামলা দায়ের করেছে র‍্যাব। মামলার এজাহারে নিহত সিয়াম মোল্লার বয়স লেখা হয়েছে ২২ বছর এবং আহত রাকিব মোল্লার বয়স লেখা হয়েছে ২১ বছর। কিন্তু নিহত ও আহতের জন্মনিবন্ধনের তথ্য বলছে উভয়ের বয়স ১৭ বছর। অর্থাৎ আইন প্রয়োগকারী সংস্থার দায়েরকৃত মামলায় তাঁদের বয়স বাড়িয়ে দেখানো হয়েছে। এই ঘটনার প্রতিবাদে এলাকাবাসী মানববন্ধন করেছে।[৭]

৬. গত ১৯ জুন কুমিল্লার মুরাদনগরে ইন্টারনেট ব্যবসায়ী ও বিএনপি কর্মী শেখ জুয়েল বাঙ্গারা বাজার থানা হেফাজতে মারা গেছেন। পুলিশ জানিয়েছে, বাঙ্গারা বাজার এলাকার এক মাদক কারবারীর বাড়ি থেকে মাদকসহ শেখ জুয়েলসহ পাঁচজনকে গ্রেফতার করা হয়। রাতে থানা হেফাজতে জুয়েল বুকে ব্যাথার কথা জানালে তাঁকে মুরাদনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। অন্যদিকে, শেখ জুয়েলের স্ত্রী শিল্পী বেগম জানান, তাঁর স্বামী মাদক সেবন বা বিক্রিতে জড়িত ছিলেন না। পুলিশ তাঁকে ধরে নিয়ে নির্যাতন করে হত্যা করেছে। জুয়েলের সুরতহাল প্রতিবেদনে তাঁর ডান হাতের কব্জির ওপর দুটি আধা ইঞ্চি পরিমাণ আঁচড়ের দাগ, পিঠের ডান দিকে দেড় ইঞ্চি পরিমাণ আঘাতের চিহ্ন, কোমরের বাঁ পাশে ৩ ইঞ্চি পরিমাণ আঁচড়ের দাগ, বাঁ পায়ে হালকা রক্তাক্ত ক্ষতচিহ্ন ও পিছনে ৩ ইঞ্চি পরিমান আঁচড়ের দাগ রয়েছে।[৮]

৭. গত ২৩ জুন সুনামগঞ্জের দিরাইয়ের হাতিয়ায় অস্ত্র উদ্ধার অভিযানের সময় যৌথবাহিনীর সঙ্গে অভিযুক্ত দুর্বৃত্তদের গোলাগুলির ঘটনা ঘটে। এই সময় আবু সাঈদ নামে একজন স্যানিটারি মিস্ত্রি গুলিতে নিহত হন।[৯]

৮. **২০২৫ সালের এপ্রিল থেকে জুন এই তিন মাসে ০৮ জন বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হয়েছেন বলে অভিযোগ রয়েছে। এর মধ্যে ০৫ জন পুলিশ, ০১ জন র‍্যাব, ০১ জন কোস্টগার্ড ও ০১ জন যৌথ বাহিনী কর্তৃক বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হয়েছেন বলে অভিযোগ রয়েছে। এদের মধ্যে ০২ জন নির্যাতনে, ০৫ জন গুলিতে এবং ০১ জনকে পিটিয়ে হত্যা করা হয়।**

[৭] যৌথ বাহিনীর মাদকবিরোধী অভিযানে গুলিতে যুবক নিহত, সমকাল ২১ এপ্রিল ২০২৫; https://samakal.com/barisal/article/291550/

[৮] 'পুলিশ হেফাজতে' ব্যবসীর মৃত্যু, কর্মী দাবি বিএনপি-আ. লীগের, সমকাল ২১ জুন ২০২৫; https://samakal.com/whole-country/article/301288/, Businessman dies in police custody, family alleges torture; https://bdnews24.com/bangladesh/ca5f75fab464

[৯] সুনামগঞ্জে যৌথ বাহিনী-সন্ত্রাসী গোলাগুলি, মানবজমিন, ২৪ জুন ২০২৫; https://mzamin.com/news.php?news=167321

## *আইন প্রয়োগকারী সংস্থার সদস্য কর্তৃক হেফাজতে নির্যাতন ও মৃত্যু*

৯. ক্ষমতাচ্যুত কর্তৃত্ববাদী সরকার ক্ষমতায় টিকে থাকতে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের ব্যবহার করে এই প্রতিষ্ঠানগুলো ধ্বংস করে ফেলেছিল। ফলে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যরা দায় মুক্তি ভোগ করেছে এবং নানা ধরনের অপকর্মে লিপ্ত হয়েছে। কিন্তু জুলাই অগাস্টের গণআন্দোলনে কর্তৃত্ববাদী সরকারের পতন হলেও হেফাজতে নির্যাতন ও মৃত্যুর ঘটনা অব্যাহত রয়েছে।

১০. গত ৭ মে বাগেরহাট জেলার মোড়েলগঞ্জে পরোয়ানাভুক্ত আসামীকে গ্রেফতারের সময় আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের বিরুদ্ধে শাফায়াত নামে এক ব্যক্তিকে পিটিয়ে হত্যা করার অভিযোগ পাওয়া গেছে।[১০]

১১. গত ২৫ জুন সুনামগঞ্জের ব্যবসায়ী নাসির মিয়াকে ব্যবসা সংক্রান্ত দ্বন্দ্বে গোয়েন্দা পুলিশ (ডিবি) তুলে নিয়ে ঢাকার ডিবি অফিসে নিয়ে নির্যাতন চালিয়ে তাঁর কাছ থেকে ৫ লাখ ৭৪ হাজার টাকা হাতিয়ে নেওয়ার পরে মুচলেকায় জোরপূর্বক স্বাক্ষর রেখে ছেড়ে দেয়ার অভিযোগ পাওয়া গেছে।[১১]

১২. নির্যাতনের বিষয়ে দীর্ঘদিন ধরে দায়মুক্তির সংস্কৃতি চালু থাকা এবং এটি বন্ধে নির্যাতন ও হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন ২০১৩ এর বাস্তবায়ন না হওয়ার কারণেই বিভিন্ন আইন প্রয়োগকারী সংস্থা ও গোয়েন্দা সংস্থার হেফাজতে নির্যাতন ও অমানবিক আচরণের ঘটনাগুলো অব্যাহতভাবে ঘটছে। মানবাধিকারের দৃষ্টিকোণ থেকে *অধিকার* অবিলম্বে নির্যাতন বিরোধী আইনের বাস্তবায়নসহ বাংলাদেশ কর্তৃক অনুস্বাক্ষরিত নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক কনভেনশনের পূর্ণাঙ্গ বাস্তবায়ন এবং সেই সঙ্গে কনভেনশন এগেইনস্ট টর্চার এর অপশোনাল প্রোটোকল অনুমোদনের জন্য দাবি জানাচ্ছে।

## *মর্যাদাহানিকর আচরণ, ও জবাবদিহিতার অভাব*

১৩.এই সময়ে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের বিরুদ্ধে মিথ্যা মাদক মামলা দেয়া[১২] মাদক ব্যবসায় জড়িত থাকা[১৩], ধর্ষণচেষ্টা ও চাঁদাবাজি[১৪], ঘুষ গ্রহণ[১৫], অস্ত্র উদ্ধারের নামে চিকিৎসককে হেনস্তা[১৬], ব্যবসায়ীকে তুলে নিয়ে টাকা আদায়[১৭], স্বর্ণালঙ্কার ও টাকা লুট[১৮], যুবককে কুপিয়ে জখম করার পরও থানায় মামলা না নেয়া [১৯] ঘুষ চাওয়ার অডিও রেকর্ড ফাঁস হওয়ায় ব্যবসায়ীকে হুমকি[২০], অভিযুক্তের সঙ্গে

---

[১০] মোড়েলগঞ্জে আসামি গ্রেফতারকালে পিটিয়ে হত্যার অভিযোগ, যুগান্তর ৭ মে ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/950601

[১১] বিএনপি কর্মীকে আওয়ামী লীগ তকমা দিয়ে ডিবি অফিসে নির্যাতন, মানবজমিন ৩০ জুন, ২০২৫; https://mzamin.com/news.php?news=168283#gsc.tab=0

[১২] মিথ্যা মাদক মামলা দেওয়ার অভিযোগে ভৈরব থানার এসআই ক্লোজড, সমকাল ৫ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/288680/

[১৩] আশুগঞ্জ থানার ওসির নেতৃত্বে মাদক ব্যবসা, যুগান্তর ২৫ মে ২০২৫; https://www.jugantor.com/tp-city/958002

[১৪] গৃহবধূকে ধর্ষণচেষ্টা ও চাঁদাবাজির অভিযোগ পাংশা থানার ওসি, এএসআইসহ ৩ জনের বিরুদ্ধে মামলা, প্রথম আলো ৬ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/yamm3c2a2d

[১৫] বেসামাল নরসিংদীর এসপি, যুগান্তর ৬ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/crime/937473
আখাউরায় এএসআইয়ের বিরুদ্ধে ঘুস নেওয়ার অভিযোগ, যুগান্তর, ৮ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/938651

[১৬] খুলনায় তল্লাসীর নামে বাড়ি তছনছের অভিযোগ চিকিৎসক নেতার, প্রথম আলো ৮ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/85wuyfk1e4

[১৭] ব্যবসায়িকে তুলে নিয়ে টাকা আদায়ের অভিযোগ ডিবি'র বিরুদ্ধে মানবজমিন ১০ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=155911

[১৮] এএসআইয়ের বিরুদ্ধে টাকাসহ স্বর্ণালঙ্কার লুটের অভিযোগ, যুগান্তর ১৯ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/tp-bangla-face/943101

[১৯] ফরিদপুরে যুবককে কুপিয়ে জখম, থানায় মামলা না নেওয়ার অভিযোগ পরিবারের, সমকাল ২২ এপ্রিল ২০২৫; https://samakal.com/dhaka/article/291670/%E0%A6%AB

[২০] তোমার নানাকে বইলো লাখ পাঁচেক টাকা দিতে, যুগান্তর ২১ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/944263

নামের মিল থাকায় গ্রেফতার করে জেলে পাঠানো[২১]সহ বিভিন্ন অভিযোগ পাওয়া গেছে। এছাড়া ঢাকার আদালতে ডিএমপির প্রসিকিউশন বিভাগের কর্মকর্তা-কর্মচারী কয়েকজনের বিরুদ্ধে ঘুষ গ্রহণ, বদলি বাণিজ্য ও কোর্ট হাজতে বন্দিদের অবৈধ সুযোগ সুবিধা দেয়ার অভিযোগ রয়েছে।[২২]

## গুম

১৪. গত ৪ জুন গুম তদন্ত কমিশন তাদের দ্বিতীয় অন্তর্বর্তী প্রতিবেদন প্রধান উপদেষ্টার কাছে জমা দিয়েছে। প্রতিবেদনে গুম কিভাবে করা হতো তা বর্ণনা করা হয়েছে। কমিশন বলেছে ‘ তিন স্তরের পিরামিড’- এর মাধ্যমে গুমের বিষয়টি বাস্তবায়ন করা হতো। এই পিরামিডের সর্ব্বোচ্চ স্তরে ছিল ‘কৌশলগত নেতৃত্ব’ যেখানে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, তৎকালীন প্রতিরক্ষা উপদেষ্টা তারেক আহমেদ সিদ্দিক এবং সাবেক স্বরাষ্ট্রমন্ত্রীসহ আওয়ামী লীগ সরকারের জ্যেষ্ঠ কর্মকর্তারা ছিল। দ্বিতীয় স্তরে ছিল বিভিন্ন বাহিনী ও গোয়েন্দা সংস্থার শীর্ষ কর্মকর্তারা। আর পিরামিডের তৃতীয় স্তরে থাকা বিভিন্ন বাহিনী ও সংস্থার সদস্যরা উর্ধ্বতন কর্মকর্তাদের নির্দেশ পালন করতো।[২৩]

১৫. উক্ত প্রতিবেদন অনুযায়ী পুলিশ, র‍্যাব, ডিবি পুলিশ ও কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম শাখা (সিটিটিসি) গুমের ৬৭ শতাংশ ঘটনায় জড়িত। কোন কোন ক্ষেত্রে গুমের ঘটনায় একাধিক সংস্থার জড়িত থাকার নজির রয়েছে। র‍্যাব-১ কার্যালয়ে টাস্কফোর্স (টিএফআই) সেলে হাজারেরও বেশী মানুষকে সপ্তাহের পর সপ্তাহ, মাসের পর মাস চোখ ও হাত বাঁধা অবস্থায় আটকে রাখা হতো। অনেক ক্ষেত্রে বন্দিদের হত্যা করা হতো।[২৪] সারা দেশে ৬৪টি জেলার মধ্যে ৩৬টি জেলায় গুমের তথ্য পেয়েছে কমিশন।[২৫]

১৬. এই প্রতিবেদনে বাংলাদেশ ও ভারতের গোয়েন্দা সংস্থার মধ্যে পরিচালিত একটি গোপন ও বেআইনি বন্দি বিনিময় কর্মসূচীর অংশ হিসেবে ভারতে বন্দি বাংলাদেশের অভিযুক্ত শীর্ষ দুর্বৃত্ত সুব্রত বাইনকে ২০২২ সালের এপ্রিলের শেষ দিকে র‍্যাবের গোয়েন্দা সংস্থার কাছে হস্তান্তর করার বিষয়টি উঠে আসে। এর বিনিময়ে র‍্যাবের গোয়েন্দা শাখার মাধ্যমে ভারতীয় গোয়েন্দাদের কাছে একজন বাংলাদেশীকে হস্তান্তর করে, যার নাম জানানো হয়নি। ভারতে হস্তান্তর করা ব্যক্তিটি টিএফআই সেলে গুম ছিলেন। এরপর ভারত থেকে আনা সুব্রত বাইন টিএফআই সেলে গুম ছিলেন।[২৬]

১৭. হাসিনা শাসনামলে জঙ্গি তকমা দিয়ে অনেককে গুম করা হয়েছে। এরকম তারেক নামে এক যুবককে জঙ্গি তকমা দিয়ে ২০১৭ সালের ১৪ জুন র‍্যাব বাসা থেকে তুলে নিয়ে যায়। ২৪ ঘন্টা চোখ বাঁধা অবস্থায় তাঁর ওপর প্রচণ্ড নির্যাতন চালানো হয়। চার বছর গোপন বন্দিশালায় আটক রাখার পর ২০২০ সালের ২০ জুন ফুলবাড়িয়া থানায় ডক্টর মামুন মাদানী নামের এক আলেমের সঙ্গে একটি সাজানো মামলায়

[২১] বাবার নামে মিল জেল খাটছেন প্রবাসী সাদ্দাম, মানবজমিন ২৯ জুন ২০২৫; https://mzamin.com/news.php?news=168125
[২২] পুলিশ কর্মকর্তার নেতৃত্বে ঘুষের গোপন মিশন, যুগান্তর ২৯ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/national/947563
[২৩] ভিন্নমত প্রকাশকে ‘নিরাপত্তা হুমকি’ দেখত হাসিনা সরকার, যুগান্তর ১৮ জুন ২০২৫; https://www.jugantor.com/national/966953
[২৪] ৬৭ শতাংশ গুমের ঘটনায় জড়িত পুলিশ, র‍্যাব, ডিবি-সিটিটিসি, সমকাল ১১ জুন ২০২৫; https://samakal.com/law-justice/article/299694
[২৫] ৩৬ জেলায় গুমের ঘটনার তথ্য পেয়েছে কমিশন, প্রথম আলো ৫ জুন ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/02f5789a4d
[২৬] ২০২২ সাল থেকে র‍্যাবের গোপন সেলে ছিলেন সুব্রত বাইন, দি ডেইলি স্টার ৫ জুন ২০২৫; https://bangla.thedailystar.net/news/bangladesh/news-677916

গ্রেফতার দেখিয়ে তাঁকে আদালতে পাঠানো হয়।[২৭] গুম করে রাখা নাগরিকদের মধ্যে নারীও ছিলেন। গুম করে পুলিশের বিশেষ সেল কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইমের (সিটিটিসি) গোপন কক্ষে নিয়ে নারীদের ওপর ভয়াবহ নির্যাতন করায় অনেক নারী স্থায়ীভাবে পঙ্গু হয়ে গেছেন। বেশীরভাগ ক্ষেত্রে নির্যাতনের কারণে অজ্ঞান হয়ে যেতেন নারীরা। গুম করা ও নির্যাতনের জন্য আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের পুরস্কার হিসেবে নগদ টাকা দেয়া হতো।[২৮]

১৮. গত ১৯ জুন গুম সংক্রান্ত তদন্ত কমিশন এক সংবাদ সম্মেলনে জানিয়েছে, গুমের ঘটনায় বিভিন্ন সংস্থায় কর্মরত সেনাবাহিনীর কর্মকর্তাদের নাম এসেছে।[২৯]

১৯. হাসিনা সরকারের শাসনামলে গুমের ঘটনায় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে এই পর্যন্ত ১৪০টি অভিযোগ জমা পড়েছে। এসব অভিযোগে সন্দেহভাজন হিসেবে এক হাজারের বেশী নাম উঠে এসেছে। এর অধিকাংশই ট্রাইব্যুনালের তদন্ত সংস্থায় পাঠানো হয়েছে। কর্মকর্তারা এইসব অভিযোগের সত্যতা যাঁচাই-বাছাইয়ের পর প্রসিকিউশনে অভিযোগ জমা দেবেন।[৩০]

২০. গত ১৫ জুন জাতিসংঘের মানবাধিকার পরিষদের গুমবিষয়ক ওয়ার্কিং গ্রুপ অন এনফোর্সড অর ইনভলান্টারি ডিজঅ্যাপিয়ারেন্সের (ডব্লিউজিইআইডি) ভাইস চেয়ার গ্রোজিনা বারোনাস্কা ও আনা লোরেনা ডেলগাদিলো পেরেজ বাংলাদেশ সফরে আসেন। বাংলাদেশে আইন প্রয়োগকারী ও গোয়েন্দা সংস্থার হাতে যে সব গুমের ঘটনা ঘটেছে, সেগুলোর তদন্তে দীর্ঘদিন ধরে বাংলাদেশে আসতে চেয়েছিলেন ডব্লিউজিইআইডির প্রতিনিধিরা। এই জন্য ২০১৩ সাল থেকে বেশ কয়েকবার বাংলাদেশের তৎকালিন হাসিনা সরকারের কাছে অনুরোধ জানানো হলেও তাতে তারা সাড়া দেয়নি । ডব্লিউজিইআইডি ২০২৫ এর জুনে তাদের বাংলাদেশ সফরে যে সমস্ত তথ্য পান তার ওপর ভিত্তি করে একটি প্রতিবেদনে তাঁদের সুপারিশ তুলে ধরেন।[৩১]




*জাতিসংঘের মানবাধিকার পরিষদের গুমবিষয়ক ওয়ার্কিং গ্রুপ অন এনফোর্সড অর ইনভলান্টারি ডিজঅ্যাপিয়ারেন্সের (ডব্লিউজিইআইডি) ভাইস চেয়ার গ্রোজিনা বারোনাস্কা ও আনা লোরেনা ডেলগাদিলো পেরেজ এর সাথে ঢাকাস্থ ইউএন অফিসে সভা। ছবি: অধিকার, ১৫ জুন ২০২৫*

---

[২৭] আয়নাঘরের অন্ধকার কুঠুরিতে তারেকের দু:সহ ১৪৬৬ দিন, নয়াদিগন্ত ২৪ এপ্রিল ২০২৫; https://www.dailynayadiganta.com/printed-edition/Jl72fFuLd9nf?fbclid=IwY2xjawLf955leHRuA2FlbQIxMABicmlkETFSZWlRbG9nem85bkUyYkRXAR6UWXXrmwG51UM8zgI61_z9sWibgkeN0CDeAkL2lQMiUD9FCq_T787Fbjyg2A_aem_K3C7ROyJpcApr2yivUzO1g

[২৮] নির্যাতনের ভয়াবহতা দেখে কাঁদতেন নারী কর্মকর্তারাও, আমার দেশ ২৯ জুন ২০২৫; https://www.dailyamardesh.com/amar-desh-special/amdytinrrquxf

[২৯] গুমের ঘটনা সেনাবাহিনীর না জানার সুযোগ নেই, প্রথম আলো, ২০ জুন ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/crime/apjk2vty9z

[৩০] ট্রাইব্যুনালে জমা পড়েছে ১৪০ গুমের অভিযোগ, সমকাল, ১৬ জুন ২০২৫; https://samakal.com/bangladesh/article/300637

[৩১] https://www.ohchr.org/sites/default/files/documents/issues/disappearances/wgeid-technical-advice-bangladesh-june-202.pdf

২১. অন্তর্বর্তী সরকার ক্ষমতা গ্রহণের পর ২০২৪ সালের ২৯ অগাস্ট গুম বিষয়ক আন্তর্জাতিক সনদ কোনো রিজারর্ভেশন (আপত্তি) ছাড়াই বাংলাদেশ স্বাক্ষর ও অনুমোদন করে। এই সনদে স্বাক্ষর করার আগে গুমসংক্রান্ত বিষয়ে বিচার করার জন্য কোনো সুনির্দিষ্ট আইন ছিল না। কিন্তু এই সনদ স্বাক্ষর ও অনুমোদনের ফলে গুমের বিরুদ্ধে বাংলাদেশের অভ্যন্তরিণ আইন তৈরীতে বাধ্যবাধকতা তৈরী হয়েছে।[৩২]

২২. এপ্রিল **থেকে জুন পর্যন্ত সময়ে কোন গুমের ঘটনা ঘটার অভিযোগ পাওয়া যায়নি।**

# মৃত্যুদণ্ডের বিধান ও মানবাধিকার

২৩. বাংলাদেশে ফৌজদারী বিচার ব্যবস্থায় মৃত্যুদণ্ড বহাল আছে। এই তিন মাসে নিম্ন আদালত অনেক অভিযুক্তকে মৃত্যুদণ্ড দিয়েছে। বিকল্প সাজা দেয়ার ব্যবস্থা থাকা সত্ত্বেও নিম্ন আদালতের সর্বোচ্চ শাস্তি দেয়ার প্রবণতা বিগত কর্তৃত্ববাদী শাসনামলের মতোই রয়েছে। আপিল শুনানীর ধীরগতির কারণে মৃত্যুদণ্ডপ্রাপ্ত বন্দিরা বছরের পর বছর কনডেমড্ সেলে মৃত্যুর প্রহর গুণেন।

২৪. গত ২৭ মে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ রিভিউ আবেদনের পরিপ্রেক্ষিতে একাত্তরে মুক্তিযুদ্ধকালীন সময়ে মানবতাবিরোধী অপরাধে মৃত্যুদণ্ডদেশপ্রাপ্ত জামায়াতে ইসলামী নেতা এ টি এম আজহারুল ইসলামকে খালাস দেয়। ২০১২ সালের ২২ অগাস্ট আজহারুল ইসলামকে গ্রেপ্তার করে পুলিশ। ২০১৪ সালের ৩০ ডিসেম্বর আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আজহারুল ইসলামকে মৃত্যুদণ্ড দেয়। এরপরই তাঁকে কনডেমড্ সেলে পাঠানো হয়। দীর্ঘ ১১ বছর কনডেমড্ সেলে বন্দি থাকার পর আজহারুল ইসলাম মুক্ত হন।[৩৩]

২৫. **চলতি বছরের এপ্রিল-জুন এই তিন মাসে নিম্ন আদালত কর্তৃক ৬২ জনকে মৃত্যুদণ্ড দেয়া হয়েছে।**

# কারাগার ও বন্দীদের মানবাধিকার

২৬. এই তিন মাসে পুলিশ আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনের নেতাকর্মী এবং বিভিন্ন মামলায় অনেক অভিযুক্ত ব্যক্তিকে গ্রেফতার করেছে। সারা দেশে কারাগারের সংখ্যা ৬৯টি। এই সব কারাগারে বন্দী ধারণক্ষমতা ৪২,৮৮৭ । কিন্তু ২০২৫ সালের ১ জুন পর্যন্ত বন্দি ছিল ৭৩,০০৬ জন। তাঁদের মধ্যে পুরুষ ৭০,৪১৭ এবং নারী ২৫৮৯।[৩৪] এই সময়ে চট্টগ্রাম কারাগারে ধারণ ক্ষমতার তিন গুন বন্দী ছিল।[৩৫] ফলে কারাগারগুলোতে ধারণক্ষমতার চেয়ে অনেক বেশি বন্দি থাকছে। এছাড়াও কারাগারগুলোতে চিকিৎসক সংকট রয়েছে। বন্দীরা গুরুতর অসুস্থ হলে এবং তাঁদেরকে উন্নত চিকিৎসা নিতে হলে দীর্ঘ প্রক্রিয়ার মধ্যে দিয়ে যেতে হয়। ফলে অনেক বন্দীর উপযুক্ত চিকিৎসার অভাবে মৃত্যু হয়।

২৭. বৈষম্য বিরোধী ছাত্র জনতার আন্দোলনে আগ্নেয়াস্ত্র নিয়ে হামলাকারী সাভারের বিরুলিয়া ইউনয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা সাইদুর রহমান সুজন গত ১৫ জুন ঢাকা কেন্দ্রীয়

[৩২] গুম বিষয়ে আইন করার উদ্যোগ, প্রথম আলো ১৭ জুন ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/2v99o607vv

[৩৩] মৃত্যুদণ্ড থেকে খালাস পেলেন জামায়াত নেতা আজহারুল, প্রথম আলো ২৭ মে ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/skbut1ccm8

[৩৪] তিন লাখ ৫৯ হাজার গ্রেপ্তার, সমকাল ১ জুন ২০২৫; https://samakal.com/bangladesh/article/298473/

[৩৫] ৩ গুনের বেশী বন্দি, জমি পাওয়া যাচ্ছে না নতুন কারাগারের, প্রথম আলো, ২৮ জুন ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/5o2yvu3j0t

কারাগারে বন্দী অবস্থায় মারা যায় । কারা কর্তৃপক্ষ জানিয়েছে, সুজন গলায় গামছা পেঁচিয়ে আত্মহত্যা করেছে। তবে সুজনের পরিবারের দাবী, উপযুক্ত চিকিৎসার অভাবে সুজন মারা গেছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছ থেকে অনুমতি না পাওয়ায় উন্নত চিকিৎসা করা সম্ভব হয়নি।[৩৬]

২৮. **এপ্রিল থেকে জুন এই তিন মাসে ২২ ব্যক্তি কারাগারে মৃত্যুবরণ করেছেন বলে জানা গেছে। এঁদের মধ্যে ২১ জন অসুস্থতা জনিত কারণে মৃত্যুবরণ করেছেন ও ১ জন আত্মহত্যা করেছেন বলে অভিযোগ রয়েছে।**

# নিবর্তনমূলক আইন ও গ্রেপ্তার

## *সাইবার সুরক্ষা অধ্যাদেশ*

২৯.গত ২১ মে সাইবার সুরক্ষা অধ্যাদেশটি চূড়ান্তভাবে গেজেট আকারে জারি করে অন্তর্বর্তীকালীন সরকার। সংশোধিত অধ্যাদেশে বলা হয়, সাইবার নিরাপত্তা আইনে নাগরিক সুরক্ষা-সংক্রান্ত বিধান অপ্রতুল থাকায় অপপ্রয়োগ ও নিপীড়নের ক্ষেত্র প্রস্তুত করেছিল এবং মতপ্রকাশের স্বাধীনতাসহ অন্যান্য মৌলিক অধিকার খর্ব করেছিল। তাই সাইবার নিরাপত্তা আইন বাতিল করে এই অধ্যাদেশ প্রণয়ন করা হয়েছে। এতে আগের আইনের ৯টি ধারা বাদ দেয়া হয়েছে। তবে বাদ পড়া ধারাগুলোর কিছু বিধান নতুন অধ্যাদেশে যুক্ত করা হয়েছে। অধ্যাদেশ জারির আগে ২০২৫ সালের মার্চ মাসে জাতিসংঘ বেশ কিছু সুপারিশ দিয়েছিল। সংশোধিত অধ্যাদেশে দেখা যায়, জাতিসংঘের কিছু সুপারিশ এড়িয়ে যাওয়া হয়েছে। আইনে ২৩(ঘ) ধারা, ২৩ ধারা, ২৫ ধারা, ২৬ এবং ২৭ ধারা সংক্রান্ত অস্পষ্ট সংজ্ঞার কারণে এর অপব্যবহারের আশঙ্কা রয়েছে। মতপ্রকাশকেও 'অপরাধ' হিসেবে রাখা হয়েছে । কঠোর শাস্তির বিধান এই জন্য রয়েছে যে, ভয়ে অনেকে মতপ্রকাশে নিরুৎসাহিত হবেন। পাশাপাশি নির্বাহীদের মাধ্যমে নিয়ন্ত্রিত একটি শক্তিশালী ও কেন্দ্রীভূত প্রশাসনিক কাঠামো রাখা হয়েছে, যার নজরদারিতে নেই কোনো বিচারিক তত্ত্বাবধান বা কোনো নজরদারী। জাতিসংঘ বলছে, সরকারের স্পষ্ট প্রতিশ্রুতি ছিল আন্তর্জাতিক মান অনুযায়ী মতপ্রকাশের স্বাধীনতাকে নিশ্চিত করবে। তবে সাইবার সুরক্ষা অধ্যাদেশের সংশোধনীতে তা অনুপস্থিত, যা নিশ্চিত করতে সরকার বাধ্য।[৩৭] সাইবার সুরক্ষা অধ্যাদেশটি জারি করার আগে সাইবার নিরাপত্তা আইনে মামলা দায়ের ও গ্রেফতার অব্যাহত ছিল।

৩০.ফেসবুকে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে কুরুচিপূর্ণ ও অশালীন মন্তব্য করার অভিযোগে এবাদুল ইসলাম নামে এক মসজিদের ইমামের বিরুদ্ধে ঢাকা জেলার আশুলিয়া থানায় সাইবার নিরাপত্তা আইনে আতাউর রাহিম নামে এক স্থানীয় যুবদল নেতা মামলা দায়ের করে। গত ৮ এপ্রিল এবাদুল ইসলাম কে পুলিশ বরিশালের নিজ বাড়ী থেকে গ্রেপ্তার করে।[৩৮]

৩১.সংবাদ প্রকাশের জেরে গত ১৭ এপ্রিল দৈনিক সমকালের পটুয়াখালী জেলা প্রতিনিধি মুফতি সালাহ উদ্দিন, চ্যানেল টুয়েন্টিফোরের পটুয়াখালী জেলা প্রতিনিধি এম কে রানা এবং মির্জাগঞ্জ উপজেলার

[৩৬] গণঅভ্যুত্থানে অস্ত্র নিয়ে হামলায় অভিযুক্ত সাভারের সেই চেয়ারম্যান সুজনের কারাগারে মৃত্যু, পুলিশ বলছে আত্মহত্যা, ঢাকা পোস্ট, ১৫ জুন ২০২৫; https://www.dhakapost.com/national/372624

[৩৭] জাতিসংঘের কিছু সুপারিশ মানা হয়নি সাইবার সুরক্ষা অধ্যাদেশে, প্রথম আলো ১৪ জুন ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/afusxvmk6r

[৩৮] ফেসবুকে খালেদা জিয়ার উদ্দেশে কুরুচীপূর্ণ মন্তব্য, সাইবার নিরাপত্ত আইনে গ্রেপ্তার ১, প্রথম আলো ৮ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/pclhn0tho5

বাসিন্দা মাসুম হাওলাদারের বিরুদ্ধে পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলা বিএনপির দপ্তর সম্পাদক কামরুজ্জামান জুয়েল বরিশাল সাইবার ট্রাইব্যুনালে সাইবার নিরাপত্তা আইনে মামলা দায়ের করে।[৩৯]

৩২.মুসলমানদের পবিত্র ভূমি মদিনা শহরকে কটাক্ষ করে ফেসবুকে পোস্ট দিয়ে মুসলমানদের ধর্মীয় অনুভূতিতে আঘাত দেয়ার অভিযোগে গত ২৫ এপ্রিল রংপুরে দুই কিশোর ও এক ১৯ বছরের যুবককে সাইবার নিরাপত্তা আইনে পুলিশ গ্রেপ্তার করেছে।[৪০]

## *বিশেষ ক্ষমতা আইন*

৩৩. নির্বতনমূলক ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ৩ (২) ধারা ব্যবহারের অভিযোগ পাওয়া গেছে অন্তর্বর্তী সরকারের বিরুদ্ধে। এরমধ্যে ৩৯০ ব্যক্তিকে প্রতিরোধমূলক আটকাদেশ[৪১] (ডিটেনশন) দেয়ার জন্য সরকারের কাছে প্রস্তাব দিয়েছে পুলিশ। ডিটেনশন দেয়ার জন্য যাদের তালিকা প্রস্তুত করা হয়েছে তাদের কেউ কেউ পেশাদার অপরাধী, কেউ কেউ নেপথ্য নায়ক, রাজনীতিবিদ ও সামাজিক যোগাযোগমাধ্যমে সক্রিয় ব্যক্তিবর্গ।[৪২] গত ৯ এপ্রিল মডেল মেঘনা আলমকে পুলিশ গ্রেপ্তার করে এবং ১০ এপ্রিল তাঁকে ঢাকার চিফ মেট্রোপলিটন আদালতে হাজির করলে তাঁকে ৩০ দিনের ডিটেনশন দিয়ে কারাগারে পাঠানো হয়।[৪৩]

## *উপাত্ত সুরক্ষা অধ্যাদেশের খসড়া*

৩৪.গত ৩ জুন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায় ব্যক্তিগত উপাত্ত সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫-এর খসড়া প্রস্তুত করেছে সরকার। বিভিন্ন প্রতিষ্ঠানের পাঠানো মতামত যাচাই-বাছাই করে সংযোজন-বিয়োজনের মধ্যে দিয়ে খসড়াটি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। খসড়া অধ্যাদেশটি পর্যালোচনা করে দেখা যায়, এতে নজরদারি, ভিন্নমত দমন এবং রাজনৈতিক উদ্দেশ্যে এটিকে অপব্যবহারের সুযোগ রয়েছে। ব্যক্তিগত উপাত্ত সুরক্ষা অধ্যাদেশটি শক্তিশালী সুরক্ষা ব্যবস্থা এবং আন্তর্জাতিক মানবাধিকার মানদণ্ডের সঙ্গে সংগতিপূর্ণ না হলে তা সেন্সরশিপ ও নজরদারীর সুযোগ বাড়ানোর পাশাপাশি দমনমূলক হয়ে উঠতে পারে। এছাড়া তথ্যের অপব্যবহার রোধের প্রয়োজনীয় সুরক্ষা ব্যবস্থা নেই আইনটিতে। রাজনৈতিক মত, স্বাস্থ্যসংক্রান্ত তথ্য বা বায়োমেট্রিক তথ্যের মতো সংবেদনশীল তথ্যের বিষয়গুলো আলাদাভাবে চিহ্নিত না থাকায় সাংবাদিক ও মানবাধিকারকর্মীসহ সাধারণ জনগনের ওপর বৈষম্যমূলক প্রোফাইলিং বা নজরদারী চালানোর সুযোগ সৃষ্টি হবে।[৪৪]

---

[৩৯] ডিজিটাল নিরাপত্তা আইনে দুই সাংবাদিকের বিরুদ্ধে বিএনপি নেতার মামলা, সমকাল, ২৫ এপ্রিল ২০২৫; https://samakal.com/barisal/article/292283/

[৪০] রাজশাহীতে মহানবী (সা.) কে কটুক্তির অভিযোগে যুবক গ্রেপ্তার, প্রথম আলো, ২৩ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/5u1mtzpo0j

[৪১] একটি নির্দিষ্ট সময়ের জন্য বিনা বিচারে আটকে রাখা

[৪২] ৩৯০ জনকে ডিটেনশনে নেওয়ার প্রস্তাব, যুগান্তর ৩০ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/tp-second-edition/947949

[৪৩] ডিটেনশন আইনের প্রয়োগ, সমকাল, ১২ এপ্রিল ২০২৫; https://samakal.com/bangladesh/article/289804/

[৪৪] উপাত্ত সুরক্ষা অধ্যাদেশের খসড়ায় নজরদারির সুযোগ রয়েছে, প্রথম আলো, ১৫ জুন ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/1wk5yg0l1p
Draft data law gives unfettered power to cops; https://www.thedailystar.net/news/bangladesh/news/draft-data-law-gives-unfettered-power-cops-3917941

# খ. জনগনের অধিকার এর ওপর আক্রমন

## *হয়রানীমূলক ও মিথ্যা মামলা*

৩৫. জুলাই গণঅভ্যুত্থানের পর হত্যা ও হত্যাচেষ্টার মামলায় বহুজনকে আসামী করা হয়েছে। এমনও মামলা রয়েছে যার মধ্যে এজাহারভুক্ত আসামীর সংখ্যা ৭৩৫।[৪৫] অনেক ক্ষেত্রেই পূর্বশত্রুতা, বিরোধ, ব্যবসায়িক দ্বন্দ্ব ও বাণিজ্যের উদ্দেশ্য থেকে আসামী করা হয়েছে বলে অভিযোগ রয়েছে। এইসব মামলায় প্রকৃত আসামি, সন্দিগ্ধ ব্যক্তির পাশাপাশি হয়রানীমূলকভাবে অনেককে আসামি করা হয়েছে। যাঁদের মধ্যে ব্যবসায়ী, পেশাজীবী, অন্যত্র থাকা মানুষ ও অরাজনৈতিক ব্যক্তিও রয়েছেন।[৪৬] মামলাগুলোর তদন্ত চলা অবস্থায় সারা দেশে একের পর এক আসামীর নাম বাদ দিতে বাদীরা আদালতে আবেদন করেছেন বা হলফনামা দিয়ে বলেছেন 'ভুলবশত' আসামী করা হয়েছে।[৪৭]

৩৬. জুলাই-অগাস্ট গণঅভ্যুত্থানে ৩ অগাস্ট সেলিম নামে এক ব্যক্তি নিহত হয়েছেন বলে তার বড় ভাই মোস্তফা কামাল ৪১ জনকে আসামী করে ২০২৪ সালের ২৭ অগাস্ট ঢাকা মেট্রোপলিটন আদালতে মামলা দায়ের করে। মামলায় উল্লেখ করা হয় ৩ অগাস্ট বিকেলে যাত্রাবাড়ি এলাকার শনির আখড়ার কাজলা পেট্রলপাম্পের সামনে ছাত্র-জনতার মিছিলে থাকাবস্থায় গুলিবিদ্ধ হয়ে সেলিম নিহত হন। তার লাশ উদ্ধার করে রামকৃষ্ণ মিশনের পাশে দাফন করা হয়। আদালতের নির্দেশে গত ৩০ অগাস্ট যাত্রাবাড়ি থানায় মামলাটি রেকর্ড হয়। কিন্তু পুলিশ তদন্ত করতে গিয়ে জানতে পারে সেলিম মারা যান নাই। তিনি জীবিত অবস্থায় গ্রামের বাড়িতে অবস্থান করছেন। ভাই মোস্তফা কামাল সেলিমের সহায় সম্পত্তি দখল করার জন্য এই মামলাটি করেছে বলে জানা যায়।[৪৮] ২০২৪ সালের ২৭ জুলাই কিশোরগঞ্জের দুলাল রবিদাসের মৃত্যু হয় মস্তিষ্কে রক্তক্ষরণের কারণে বলে জানা গেছে। অথচ জুলাই আন্দোলনে তিনি নিহত হয়েছেন, এমন অভিযোগ এনে ২৯ নভেম্বর কিশোরগঞ্জ সদর মডেল থানায় অজ্ঞাতনামা ৬০০ জনসহ ৭৬৮ জনকে আসামী করে মামলা দায়ের করা হয়েছে।[৪৯] গত ১৯ জুন রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মাহমুদুল হককে জুলাই-অগাস্ট ছাত্র-জনতার আন্দোলনের সময় ছমেস উদ্দিন নামে এক মুদি দোকানদার নিহত হওয়ার ঘটনায় দায়ের করা মামলায় পুলিশ গ্রেপ্তার করে।[৫০] অথচ মাহমুদুল হক জুলাই-অগাস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানের পক্ষে সামাজিক যোগাযোগ মাধ্যমে সরব ছিলেন। কিন্তু পরবর্তীতে সাংবাদিকের কাছে আমেনা বেগম স্বীকার করেন, গণঅভ্যুত্থানের সময় ২ অগাস্ট তার

[৪৫] বাতিঘরের দীপঙ্করকে জিজ্ঞাসাবাদ পুলিশের, মানবজমিন ২৯ জুন ২০২৫; https://mzamin.com/news.php?news=168107

[৪৬] ঢালাও আসামীর নেপথ্যে বাণিজ্য, বিদ্বেষ, দ্বন্দ্ব, প্রথম আলো ২৭ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/crime/lqdc4cooo5

[৪৭] ৬৭৫ আসামির নাম বাদ দিতে বাদীর আবেদন, প্রথম আলো ২৭ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/crime/ggutuyflwh

[৪৮] জীবিত ভাইকে জুলাই আন্দোলনে 'মৃত' দাবি করে মামলা, প্রথম আলো ১ জুন ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/lcpw86480m

[৪৯] ঢালাও আসামির নেপথ্যে বাণিজ্য, বিদ্বেষ, দ্বন্দ্ব, প্রথম আলো, ২৭ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/crime/lqdc4cooo5

[৫০] হার্ট অ্যাটাকে মৃত্যুর ১০ মাস পর গণঅভ্যুত্থানের শহীদ দাবি করে হত্যা মামলা, বেরোবি শিক্ষকসহ গ্রেপ্তার ২, সমকাল, ২০ জুন ২০২৫; https://samakal.com/whole-country/article/301242/

স্বামী পুলিশ দেখে দৌড়ে পালাতে গিয়ে পড়ে যান এবং ভয়ে স্ট্রোক করে মারা যান।[৫১] গত ২২ জুন মাহমুদুল হক জামিনে মুক্ত পান।[৫২]

# আদালত প্রাঙ্গনে অভিযুক্তদের ওপর হামলা

৩৭. এই সময়ে পতিত হাসিনা সরকারের আমলের সংসদ সদস্য ও মন্ত্রী যারা ছাত্র-জনতার আন্দোলনের সময় সংঘটিত বিভিন্ন ঘটনায় দায়ের করা মামলায় গ্রেফতার হয়েছেন বা গ্রেফতার হচ্ছেন তাদের ওপর আদালত প্রাঙ্গনে এমনকি এজলাসে বিএনপিপন্থী আইনজীবীসহ বিক্ষুদ্ধ জনতার হামলা হয়েছে। এছাড়া অনেকেই জামিনে মুক্ত হওয়ার পরও লাঞ্ছিত ও মারধরের শিকার হয়েছেন।

৩৮. গত ৮ এপ্রিল সিরাজগঞ্জ-৩ আসনের সাবেক সংসদ সদস্য আব্দুল আজিজকে জামিনে মুক্ত হওয়ার পর সিরাজগঞ্জ জেলা কারাগারের ফটকে লাঞ্ছিত ও মারধর করে ছাত্র-জনতা। পরে সেনাবাহিনী তাকে উদ্ধার করে পুলিশে সোপর্দ করে।[৫৩]

৩৯. ছাত্র-জনতার আন্দোলনের সময় নারায়ণগঞ্জে একটি হত্যা মামলায় সাবেক আইনমন্ত্রী আনিসুল হককে গত ২৮ এপ্রিল নারায়ণগঞ্জ আদালতে হাজির করলে শুনানী শেষে এজলাসে আনিসুল হককে কিল-ঘুষি মারেন বিএনপিপন্থী আইনজীবীরা।[৫৪]

৪০. গত ২২ মে হত্যা ও নাশকতার পৃথক মামলায় সাবেক এমপি মমতাজকে মানিকগঞ্জের চিফ জুডিশিয়াল আদালতে হাজির করার পর শুনানী শেষে প্রিজন ভ্যানে তোলার সময়  আদালত প্রাঙ্গনে তাকে লক্ষ্য করে ডিম ও জুতা ছোঁড়ে বিক্ষুদ্ধ জনতা ও বিএনপির নেতা-কর্মীরা। একইদিনে বরগুনা জেলা আওয়ামী লীগের সভাপতি ধীরেন্দ্র দেবনাথ শম্ভুকে আদালত থেকে কারাগারে নেয়ার সময় আদালত প্রাঙ্গনে তাকে লক্ষ্য করে ডিম  ছোঁড়ে বিএনপিপন্থী আইনজীবীসহ সাধারণ মানুষ।[৫৫]

## *সভা-সমাবেশের অধিকার*

৪১. এই তিন মাসে সভা-সমাবেশ করার অধিকার লঙ্ঘিত হয়েছে। এই সময়ে  রাজনৈতিক দল ও বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে আন্দোলনকারী বিভিন্ন সংগঠনের সভা-সমাবেশ ও মিছিলে পুলিশ বাধা দেয়। ছাত্র-জনতার ব্যানারে, শাহবাগবিরোধী ঐক্যের ব্যানারে[৫৬] এবং বিএনপির নেতা-কর্মীরা অন্য রাজনৈতিক দলের ওপর হামলা করেছে। এছাড়া বিএনপির দলীয় কোন্দলের কারণে নিজ দলীয় নেতা-কর্মীদের মিছিলেও  হামলার ঘটনা ঘটেছে।[৫৭]

---

[৫১] জুলাই অভ্যুত্থানে প্রতিবাদী শিক্ষক কেন কারাগারে, প্রথম আলো ২২ জুন ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/da8ql6rvne

[৫২] জামিনে মুক্ত বেরোবি শিক্ষক মাহমুদুল হক, সমকাল ২৩ জুন ২০২৫; https://samakal.com/rangpur/article/301661/

[৫৩] জামিনে মুক্তির পর সাবেক এমপিকে হেনস্তা-মারধর, সমকাল ৯ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/289225/

[৫৪] নারায়নগঞ্জের আদালতে সাবেক আইনমন্ত্রী আনিসুলহককে কিলঘুষি, প্রথম আলো, ২৮ এপ্রিল ২০২; https://www.prothomalo.com/bangladesh/district/d15xsei4pm# ; Ex-law minister Anisul Huq assaulted at Narayanganj court, https://en.prothomalo.com/bangladesh/local-news/drqphgpyo8

[৫৫] আদালত প্রাঙ্গণে মমতাজ ও শম্ভুর ওপর ডিম নিক্ষেপ, সমকাল ২৩ মে ২০২৫; https://www.jugantor.com/tp-city/957177

[৫৬] রাবিতে বাম ছাত্র জোটের মিছিলে হামলা, আহত ৫, যুগান্তর ২৮ মে ২০২৫; https://www.jugantor.com/campus/959317; Several injured as leftist, Shibir-linked groups clash at RU after Azharul acquittal: https://www.dhakatribune.com/bangladesh/nation/382441/several-injured-as-leftist-shibir-linked-groups

[৫৭] কালিয়াকৈর বিএনপির দুই পক্ষের সংঘর্ষের ঘটনায় মামলা, এক নেতা গ্রেপ্তার, প্রথম আলো, ১৬ জুন ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/w0f2qgcx9l

৪২. সুপ্রিম কোর্টের আপিল বিভাগ কর্তৃক জামায়াত নেতা আজহারুল ইসলামকে মৃত্যুদণ্ডাদেশ থেকে খালাস দেয়ার প্রতিবাদে গত ২৯ মে চট্টগ্রামে বামপন্থী গণতান্ত্রিক ছাত্রজোট মিছিল করার সময় শাহবাগবিরোধী ঐক্যের নেতা-কর্মীরা মিছিলে হামলা চালালে ১২ জন আহত হন।[৫৮]

৪৩. গত ৩১ মে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষাকে কেন্দ্র করে ইসলামী ছাত্র শিবির চট্টগ্রাম কর্মাস কলেজে শিক্ষার্থী ও অভিভাবকদের বিশ্রাম নেয়ার জন্য একটি হেল্পডেস্ক স্থাপন করলে জাতীয়তাবাদী ছাত্র দলের নেতা-কর্মীরা এতে বাধা দেয়। এরপরও শিবিরের নেতা-কর্মীরা হেল্পডেস্ক কর্মসূচি চালিয়ে গেলে ছাত্রদলের নেতা-কর্মীরা হেল্পডেস্কে হামলা চালায়। এই ঘটনায় তিন জন আহত হন।[৫৯]

৪৪. গত ১২ জুন রাঙামাটির কাউখালীতে পাহাড়ী ছাত্র পরিষদের নেত্রী কল্পনা চাকমার ২৯তম গুম হওয়ার দিবসে বিচারের দাবিতে পাহাড়ী নারী সংঘ এক সমাবেশের আয়োজন করে। অনুষ্ঠান শেষে মানবাধিকারকর্মী মারজিয়া প্রভা, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশের শিক্ষক অলিউর সান এবং বিপ্লবী ছাত্র মৈত্রী ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি নুজিয়া হাসিন রাশা ঢাকায় ফেরার পথে বেতছড়ি এলাকায় তাঁদের স্কুটার আটকিয়ে তাঁদের ওপর হামলা চালানো হয়। হামলার ঘটনার সঙ্গে যুক্ত তিন জন কাউখালী ডিগ্রি কলেজের জাতীয়তাবাদী ছাত্রদলের নেতা বলে অভিযোগ পাওয়া গেছে।[৬০]

# মতপ্রকাশের স্বাধীনতা

৪৫. জুলাই-অগাস্ট গণঅভ্যুত্থান মতপ্রকাশের স্বাধীনতার দ্বারকে উন্মুক্ত করবে এরকম প্রত্যাশা ছিল। কিন্তু এই সময়ে মতপ্রকাশের স্বাধীনতাকে আঘাত করা হয়েছে।

৪৬. চিত্রশিল্পী মানবেন্দ্র ঘোষ ঢাকায় পহেলা বৈশাখে বাংলা নববর্ষের শোভাযাত্রার জন্য 'ফ্যাসিবাদের মুখাকৃতি'[৬১] তৈরী করেন। এই কারণে মানবেন্দ্র ঘোষের মানিকগঞ্জ সদরের চান্দহর গ্রামের বাড়িতে গত ১৫ এপ্রিল গভীর রাতে আগুন দেয় আওয়ামী লীগ (তখনও কার্যক্রমের ওপর বিধিনিষেধ ছিল না) ও নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের নেতা-কর্মীরা। মানবেন্দ্র জানান, কয়েকদিন ধরে তাঁকে হুমকি দেয়া হচ্ছিল। এই ব্যাপারে তিনি গত ১৫ এপ্রিল সন্ধ্যায় মানিকগঞ্জ থানায় একটি জিডিও করেন। আগুনে মানবেন্দ্র ঘোষের সমস্ত শিল্পকর্ম পুড়ে যায়।[৬২] পুলিশ এই ঘটনায় আওয়ামী লীগের ৬ নেতা-কর্মীসহ ৮ জনকে গ্রেফতার করেছে।[৬৩]

---

[৫৮] ছাত্র জোটের কর্মসূচীতে নারীসহ দুজনকে লাথি মারার অভিযোগ, প্রথম আলো ৩০ মে ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/c61v2umq4s

[৫৯] চট্টগ্রামে শিবিরের হেল্পডেস্কে ছাত্রদলের হামলা, আহত ৩, মানবজমিন ১ জুন ২০২৫;; https://mzamin.com/news.php?news=163934

[৬০] Attack on activists demanding justice for Kalpana conemned, New age, 14 june 2025; https://www.newagebd.net/post/country/267227/

[৬১] 'ফ্যাসিবাদের মুখাকৃতি' ছিল ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার এফিজি

[৬২] সন্ধ্যায় জিডি শিল্পীর, মধ্যরাতে বাড়িতে আগুন, সমকাল ১৭ এপ্রিল ২০২৫; https://samakal.com/bangladesh/article/290674/ , Artist Manabendra Ghosh's home set on fire in Manikganj, allegedly over Pahela Baishakh motif; https://thefinancialexpress.com.bd/national/artist-manabendra-ghoshs-home-set-on-fire-in-manikganj-allegedly-over-pahela-baishakh-motif

[৬৩] আওয়ামী লীগ ও নিষিদ্ধ ছাত্রলীগের ৬ নেতা গ্রেফতার, বিএসএস নিউজ, ১৮ এপ্রিল ২০২৫; https://www.bssnews.net/bangla/news-flash/191896



*ফ্যাসিবাদের প্রতীক হিসেবে নির্মিত পতনশীল ফ্যাসিস্ট শেখ হাসিনার মুখের মোটিফ পুড়িয়ে দেওয়া হয়। ছবি: বাসস, ১৩ এপ্রিল ২০২৫*



*মানিকগঞ্জ সদর উপজেলার গড়পাড়া বাজার এলাকায় ভাস্কর মানবেন্দ্র ঘোষের বাড়িতে মধ্যরাতে আগুন দিয়েছে এক দল দুর্বৃত্ত। এতে ঘরের পাশাপাশি ৩০টির বেশি শিল্পকর্ম পুড়ে গেছে। ছবি: সমকাল, ১৭ এপ্রিল ২০২৫*

৪৭. নরসিংদী সরকারী কলেজের সহকারী অধ্যাপক ও নারী অধিকার কর্মী নাদিরা ইয়াসমিন 'হিস্যা' নামে একটি ম্যাগাজিনে একটি 'বিতর্কিত' লেখা লিখেছেন এমন অভিযোগ তুলে হেফাজতে ইসলাম তাঁকে ৪৮ ঘন্টার মধ্যে অপসারণের হুমকি দিলে গত ২৬ মে তাঁকে সাতক্ষীরা সরকারী কলেজে বদলি করা হয়।[৬৪] কিন্তু সে সিদ্ধান্ত কার্যকর হওয়ার আগেই তাঁকে আবার টাঙ্গাইলের সা'দত সরকারি কলেজে বদলি করা হয়। পরবর্তীতে তাঁকে টাঙ্গাইলের সা'দত সরকারি কলেজ থেকে ঢাকায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে বদলি করা হয়। তবে এখনও তিনি সামাজিক যোগাযোগ মাধ্যমে নানা ধরনের হুমকি পাচ্ছেন বলে অভিযোগ রয়েছে।[৬৫]

[৬৪] হেফাজতের হুশিয়ারির পর শিক্ষক নাদিরার বদলি, প্রথম আলো ২৭ মে ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/gmq8hklzgn, Nadira Yeasmin's transfer: A dangerous surrender; https://www.thedailystar.net/opinion/views/news/nadira-yeasmin-transfer-dangerous-surrender-3906501

[৬৫] অধিকারএর সংগৃহীত তথ্য

# সংবাদ মাধ্যমের স্বাধীনতা

৪৮. এই তিন মাসে সাংবাদিকদের বিরুদ্ধে বিভিন্ন ধরনের নিপীড়নের ঘটনা ঘটেছে। এই সময়ে বিএনপি ও জামায়াতে ইসলামীর নেতা-কর্মী, প্রশাসন, মাদক ব্যবসায়ী[৬৬] এবং ভূমি দস্যুদের বিরুদ্ধে সাংবাদিকদের ওপর হামলা[৬৭] ও তাঁদের লাঞ্ছিত করা,[৬৮] তাঁদের বিরুদ্ধে মামলা দায়ের[৬৯] ও সাজা দেয়া[৭০], তুলে নিয়ে যাওয়ার হুমকি[৭১] ও নিপীড়নের অভিযোগ পাওয়া গেছে।

৪৯. গত ৩ এপ্রিল চট্টগ্রামের কর্ণফুলীতে বিএনপি'র দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনায় সংবাদ সংগ্রহ করতে গেলে দৈনিক আজাদীর কর্ণফুলী প্রতিনিধি মোহাম্মদ মহিউদ্দিনের ওপর হামলা চালায় দুর্বৃত্তরা। এই সময় হামলাকারীরা মহিউদ্দিনের মোবাইল ফোন ছিনিয়ে নেয় এবং মারধর করে।[৭২]

৫০. ঢাকার বিচারিক আদালতের হাজতখানায় পুলিশের ঘুষ বাণিজ্য নিয়ে 'ঘুষ ওপেন সিক্রেট' শিরোনামে দৈনিক যুগান্তরে সংবাদ প্রকাশের জেরে সাংবাদিক মহিউদ্দিন রিফাতকে গত ৮ এপ্রিল বাংলাদেশ পুলিশ কর্তৃক একটি চিঠির মাধ্যমে তলব করা হয়।[৭৩]

৫১. গত ২০ এপ্রিল মাদারীপুরের শিবচরে সংবাদ প্রকাশের জেরে গ্লোবাল টিভির মাদারীপুর জেলা প্রতিনিধি কাইয়ুম শেখের ওপর উপজেলা ছাত্রদলের সাবেক যুগ্ম আহ্বায়ক রুবেল মুন্সীর নেতৃত্বে একদল লোক হামলা চালায় বলে অভিযোগ রয়েছে। খবর পেয়ে শিবচর থানার ওসি মোহাম্মদ রতন শেখ পুলিশের একটি দল নিয়ে কাইয়ুম শেখকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন।[৭৪]

৫২. গত ২০ এপ্রিল কিশোরগঞ্জের তাড়াইল উপজেলা যুগান্তরের প্রতিনিধি মুকরামিন খান স্বাধীন খবর সংগ্রহ করতে গেলে ভূমিদস্যুরা তাঁর ওপর হামলা চালিয়ে তাঁকে কুপিয়ে জখম করে।[৭৫]

৫৩. গত ২৪ এপ্রিল সাতক্ষীরা জেলার তালা উপজেলা কালের কণ্ঠের প্রতিনিধি টিপু সুলতান তালা উপজেলা কমপ্লেক্স ভবন নির্মাণকাজে অনিয়ম দুর্নীতির তথ্য সংগ্রহ করতে গেলে উপজেলা প্রকৌশল অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী এম এম মামুন আলম তাঁকে মারধর করে। টিপু ঘটনাটি উপজেলা নির্বাহী কর্মকর্তা শেখ মোহাম্মদ রাসেলকে জানালে তিনি ঘটনাস্থলে এসে প্রকৌশলী এম এম মামুন ও ঠিকাদারের

---

[৬৬] সিংগাইরে সাংবাদিকের ওপর সন্ত্রাসী হামলা, মানবজমিন ১৬ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=156681

[৬৭] সিংগাইরে সাংবাদিকের ওপর সন্ত্রাসী হামলা, মানবজমিন ১৬ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=156681

[৬৮] শ্যামনগরে জামায়াত নেতাকর্মীদের হাতে দুই সাংবাদিক লাঞ্ছিত, সমকাল ৯ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/289358/

[৬৯] ফেনীতে একাধিক সাংবাদিকের বিরুদ্ধে চাঁদাবাজির মামলা, প্রতিবাদে মানববন্ধন-সমাবেশ, প্রথম আলো, ২৪ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/fi2r2npg24

[৭০] তথ্য জানতে চাওয়ায় কারাদণ্ড, সাতক্ষীরায় জামিন পেলেন সাংবাদিক টিপু সুলতান, প্রথম আলো, ২৪ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/9359qhefql

[৭১] চুয়াডাঙ্গায় সাংবাদিককে তুলে নেয়ার হুমকি দিলেন বিএনপি নেতা, যুগান্তর ২৫ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/945715

[৭২] কর্ণফুলীতে সংঘর্ষের ছবি তুলতে গিয়ে হামলার শিকার সাংবাদিকরা, মানবজমিন ৪ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=155020

[৭৩] দুর্নীতির সংবাদের জেরে সাংবাদিককে তলব, নিন্দায় সিআরইউ, যুগান্তর ২২ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/national/944615

[৭৪] শিবচরে সংবাদ প্রকাশের জেরে সাংবাদিকের ওপর হামলা, মানবজমিন ২২ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=157531 , Terrorist atttack on journalist in Madaripur; https://www.dailycountrytodaybd.com/public/story/terrorist-atttack-on-journalist-in-madaripur

[৭৫] শিশু সন্তানের সামনে যুগান্তর প্রতিনিধিকে কুপিয়ে জখম, যুগান্তর ২০ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/943790, Jugantor journalist attacked in Tarail, The Country Today, 21 April 2025; https://www.dailycountrytodaybd.com/story/jugantor-journalist-attacked-in-tarail

লোকজনের কাছে একতরফা ঘটনা শুনে টিপুকে ১০ দিনের বিনাশ্রম কারাদণ্ড ও ২০০ টাকা জরিমানা করেন।[৭৬]

৫৪. ***অধিকার এর* সংগৃহীত তথ্য অনুযায়ী, এপ্রিল-জুন পর্যন্ত পেশাগত দায়িত্ব পালনের সময় ৩০ জন আহত, ১৬ জন লাঞ্ছিত ও ১১ জন হুমকির শিকার হয়েছেন।**

# গণপিটুনী দিয়ে হত্যা ও সহিংসতা

৫৫. এই সময়ে ব্যাপকভাবে উচ্ছৃঙ্খল জনতা কর্তৃক দলবদ্ধভাবে বিশৃংখলা ও সহিংসতা সৃষ্টি করে আইন নিজের হাতে তুলে নেয়ার প্রবণতা লক্ষ্য করা গেছে। বিশৃংখলা প্রতিরোধে পুলিশের সক্ষমতার অভাবে হতাহতের ঘটনা ঘটেছে। বিগত কর্তৃত্ববাদী শাসনব্যবস্থায় অকার্যকর বিচার ব্যবস্থার কারণে আইন হাতে তুলে নেয়ার প্রবণতা বৃদ্ধি পায়, যা বর্তমানেও ব্যাপকভাবে অব্যাহত আছে।

৫৬. গত ২৯ এপ্রিল জুলাই-অগাস্ট ছাত্র-জনতার গণঅন্দোলনের বিরুদ্ধে থাকা নাট্য অভিনেতা সিদ্দিকুর রহমানকে একদল যুবক রাস্তায় মারধর করে ও তাঁর জামা কাপড় ছিঁড়ে পুলিশের কাছে হস্তান্তর করে।[৭৭] ২০১৮ সালের প্রহসনমূলক জাতীয় সংসদ নির্বাচনের সময় দায়িত্বপালনকারী প্রধান নির্বাচন কমিশনার কে এম নূরুল হুদাকে গত ২২ জুন তাঁর উত্তরার বাসা থেকে বিক্ষুব্ধ জনতা বের করে এনে তাঁর গলায় জুতার মালা পরিয়ে দেয় এবং তাঁকে লাঞ্ছিত করে।[৭৮]

৫৭. গত ১০ এপ্রিল ঢাকার কামরাঙ্গীরচরের সিলেটি বাজারে চাঁদাবাজির অভিযোগে মাসুদ ও নাদিম নামে দুই ব্যাক্তিকে[৭৯] এবং গত ৩১ মে ঢাকার দারুস সালামে তানভীর ও ফাহিম ওরফে টেপা নামে দুই ব্যক্তিকে ছিনতাইকারী সন্দেহে গণপিটুনী দিয়ে হত্যা করে স্থানীয় জনতা।[৮০]

৫৮. এপ্রিল থেকে জুনের মধ্যে ১৯ জন গণপিটুনির শিকার হয়ে নিহত হন।

# রাজনৈতিক সংগঠন

৫৯. এই তিন মাসে রাজনৈতিক সহিংসতা ও চাঁদাবাজি ব্যাপক আকার ধারন করে। বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)[৮১] এর নেতা-কর্মীদের বিরুদ্ধে এই সংক্রান্ত অনেক অভিযোগ পাওয়া গেছে। আওয়ামী লীগ এবং এর অঙ্গসংগঠন, সহযোগী সংগঠন ও ভ্রাতৃপ্রতিম সংগঠনের নেতা-কর্মীদের যাবতীয় কর্মকাণ্ড নিষিদ্ধ ঘোষণা হলেও এর নেতা-কর্মীরাও বিভিন্ন সহিংসতা ও দুর্বৃত্তায়নের সঙ্গে যুক্ত আছে। কিছু ক্ষেত্রে জাতীয়

---

[৭৬] তথ্য জানতে চাওয়ায় কারাদণ্ড, সাতক্ষীরায় জামিন পেলেন সাংবাদিক টিপু সুলতান, প্রথম আলো, ২৪ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/9359qhefql ; Kaler Kantho journalist gets bail in Satkhira, The Daily Sun, 24 April 2025; https://www.daily-sun.com/post/801913

[৭৭] অভিনেতা সিদ্দিককে মারধর করে পুলিশের সোপর্দ, মানবজমিন ৩০ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=158868

[৭৮] সাবেক সিইসি নুরুল হুদাকে 'জুতার মালা' দিয়ে পুলিশে সোপর্দ, ইত্তেফাক, ২২ জুন ২০২৫; https://www.ittefaq.com.bd/737552/

[৭৯] কামরাঙ্গীরচরে চাঁদাবাজির অভিযোগে গণপিটুনি, নিহত ২, নয়াদিগন্ত, ১০ এপ্রিল ২০২৫; https://dailynayadiganta.com/bangladesh/crime/y5upJEH6J8dG

[৮০] মাইকে ঘোষণা দিয়ে দুই যুবককে পিটিয়ে হত্যা, সমকাল ১ জুন ২০২৫; https://samakal.com/capital/article/298354/

[৮১] রাঙ্গাবালীতে বিএনপি নেতার বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ, মানবজমিন ১০ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=155874, যুবদল নেতার বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ, সমকাল ৩ এপ্রিল ২০২৬; https://samakal.com/whole-country/article/288264/

নাগরিক পার্টি (এনসিপি)[৮২], জামায়াতে ইসলামী ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন[৮৩] এর বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে।

৬০. এই সময়ে বিএনপি'র নেতা-কর্মীদের সঙ্গে জামায়াতে ইসলামী[৮৪], এনসিপি[৮৫], বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন[৮৬] ও আওয়ামী লীগের নেতা-কর্মীদের[৮৭] মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। বিএনপি ও গণঅধিকার পরিষদের পাল্টাপাল্টি কর্মসূচিতে ১৪৪ ধারা জারি করতে বাধ্য হয় প্রশাসন।[৮৮] এই সময়ে বিএনপির নেতা কর্মীদের বিরুদ্ধে জামায়াত কর্মী[৮৯] ও আওয়ামী লীগের নেতার বাড়িতে এবং জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদেরের রংপুরের বাড়িতে এনসিপি ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতা-কর্মীদের হামলা ও ভাঙচুর করার অভিযোগ পাওয়া গেছে।[৯০] এই ঘটনায় জি এম কাদেরের পক্ষে জাতীয় পার্টির এক নেতা মামলা করতে গেলে কোতোয়ালী থানা পুলিশ মামলা নেয়নি।[৯১] ফরিদপুরের সালথায় স্থানীয় বিরোধকে কেন্দ্র করে আওয়ামী লীগ ও বিএনপির নেতা-কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এই সময় উভয় পক্ষের বাড়িঘর ভাঙচুরসহ অগ্নিসংযোগের ঘটনা ঘটে।[৯২] যশোর সদরে হতদরিদ্র বাস্তুহীন ১৪টি পরিবারের জমি দখল করতে জামায়াত নেতা খবির খাঁ তার অনুসারীদের নিয়ে তাঁদের বাড়িঘরে হামলা করে ভাঙ্গচুর করে ও লুটপাট চালায়।[৯৩] কুমিল্লার চৌদ্দগ্রামে সাবেক রেলমন্ত্রী মুজিবুল হকের বাড়িতে ভাঙচুর করে আগুন ধরিয়ে দেয়ার অভিযোগ পাওয়া গেছে ইসলামী ছাত্র শিবিরের নেতা-কর্মীদের বিরুদ্ধে।[৯৪] ঢাকায় বাংলা মোটরে এনসিপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে পার্টির সদস্য সচিব আখতার হোসেনকে হত্যার উদ্দেশ্যে তাঁকে লক্ষ্য করে অজ্ঞাত ব্যক্তিরা হাতে তৈরী বোমা নিক্ষেপ করে। আখতার হোসেন অক্ষত থাকলেও তিন জন আহত হন।[৯৫]

৬১. কর্তৃত্ববাদী হাসিনা সরকারের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিরা বিগত ১৫ বছরে অবাধে লুটপাট করে বিপুল সম্পদের মালিক হয়েছেন।[৯৬] কোন কোন ক্ষেত্রে এই অবৈধ সম্পদ বিএনপির নেতা-কর্মীরা দেখাশোনা করছেন

---

[৮২] এনসিপির কর্মীসভায় বৈষম্যবিরোধী ছাত্র নেতাকে হাতুড়িপেটা, যুগান্তর ২৬ জুন ২০২৫; https://www.jugantor.com/tp-news/970316

[৮৩] বৈষম্যবিরোধী ছাত্রনেতার বিরুদ্ধে চাঁদা দাবির অভিযোগ, প্রথম আলো ৩১ মে ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/7bp4891xs3

[৮৪] বিএনপি-জামায়াত পাল্টাপাল্টি হামলা, আহত ৭, সমকাল ২৫ মে ২০২৫; https://samakal.com/index.php/whole-country/article/297389/

[৮৫] রূপনগরে তুচ্ছ ঘটনার জেরে বিএনপি-এনসিপি সংঘর্ষ, সমকাল ১৬ এপ্রিল ২০২৫; https://samakal.com/bangladesh/article/290455/

[৮৬] বৈষম্যবিরোধী ছাত্র ও বিএনপি কর্মীদের সংঘর্ষ, আহত ১০, যুগান্তর ১৬ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/tp-second-edition/941774

[৮৭] সালথায় আ.লীগ বিএপি সংঘর্ষে আহত ১২, যুগান্তর ৫ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/936845

[৮৮] বিএনপি-গণঅধিকার পাল্টাপাল্টি কর্মসূচি ১৪৪ ধারা জারি, সমকাল ১৪ জুন ২০২৫; https://samakal.com/whole-country/article/300109/

[৮৯] মাগুরায় জামায়াত কর্মীর বাড়িতে হামলা লুটপাট, যুগান্তর ৫ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/936996

[৯০] রংপুরে জিএম কাদেরের বাড়িতে হামলা, প্রথম আলো ৩০ মে ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/bprvg47jvl

[৯১] মামলা নেয়নি পুলিশ, প্রতিবাদে বিক্ষোভ সমাবেশ জাপার, প্রথম আলো ১ জুন ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/91j7kuk6m3

[৯২] ফরিদপুরে আওয়ামী লীগ ও বিএনপির সমর্থকদের মধ্যে সংঘর্ষ, বাড়িঘর ভাঙচুর, প্রথম আলো ৩ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/ee174w10l5

[৯৩] ১৪ বাড়িতে হামলা-লুট, মামলা জামায়াত নেতা-কর্মীর নামে মামলা, সমকাল ১৬ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/290412/

[৯৪] চৌদ্দগ্রামে সাবেক রেলমন্ত্রীর বাড়িতে হামলা, অভিযোগ শিবিরের বিরুদ্ধে, প্রথম আলো ৫ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/9iqojldmce

[৯৫] আখতারকে লক্ষ্য করে ককটেল নিক্ষেপ, আহত ৩, যুগান্তর ২৪ জুন ২০২৫; https://www.jugantor.com/capital/969299

[৯৬] হাছান মাহমুদ ও তার স্ত্রীর ব্যাংক হিসাবে ৭২২ কোটি টাকার লেনদেন, মানবজমিন ৬ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/national-others/937821

বলে অভিযোগ রয়েছে।[৯৭] সাধারণ নাগরিকদের ওপরও নিপীড়ন এবং দুর্বৃত্তায়ন চালিয়েছে বিএনপির নেতা-কর্মীরা। ভোলার চরফ্যাশনে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে স্বেচ্ছাসেবক দলের নেতা আলআমিন ও তার সহযোগীরা মাসুদ নামে এক ব্যবসায়ীর বাড়িতে হামলা করে মাসুদকে হত্যা করে।[৯৮] কিশোরগঞ্জের মিঠামইন উপজেলা বিএনপি নেতার বিরুদ্ধে ১৩ জন কৃষকের ৬ হাজার মন ধান জমি থেকে জোর করে কেটে নিয়ে যাওয়ার অভিযোগ পাওয়া গেছে।[৯৯] নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে বিএনপি নেতার বিরুদ্ধে এক অসহায় পরিবারের জমি দখল করে নেয়ার অভিযোগ রয়েছে।[১০০] নাটোরে কলেজ শিক্ষক ও স্থানীয় পত্রিকা দৈনিক প্রান্তজন এর সম্পাদক সাজেদুল ইসলামের দুই হাত ভেঙ্গে দেয়ার অভিযোগ পাওয়া গেছে বিএনপির কয়েকজন কর্মীর বিরুদ্ধে।[১০১] লালমনিরহাটে তিস্তা সেতুর টোল প্লাজায় টোল চাওয়ায় বিএনপি নেতা মাহফুজুর রহমানের নেতৃত্বে একদল দুর্বৃত্ত হামলা চালিয়ে টোল প্লাজার কর্মচারীদের মারধর করে এবং ১৪ লক্ষ টাকা ছিনিয়ে নিয়ে যায়।[১০২] নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জে ছাত্রলীগ নেতা ছাব্বির হোসেন খোকাকে আটক করে ছাত্র-জনতা। এই সময় তাকে উদ্ধার করতে জেলা ছাত্রদলের সাবেক নেতা জাহিদুল ইসলাম দলবল নিয়ে ছাত্র-জনতার ওপর এলোপাতাড়ি গুলি ছুঁড়লে স্থানীয় ব্যবসায়ী মামুন ভূঁইয়া গুলিবিদ্ধ হয়ে নিহত হন।[১০৩] ফেনীর সোনাগাজীতে চাঁদা না পেয়ে চক্ষু চিকিৎসক গোলাম রসুল সুমনের চেম্বারে হামলা চালিয়ে ৩ জনকে আহত করে যুবদল নেতা ইকবাল হোসেন ও তার সহযোগীরা।[১০৪] সিলেটের ওসমানীনগরে উপজেলা যুবদলের প্রথম যুগ্ম আহ্বায়ক আহবাব হোসেন স্থানীয় মসজিদের মাইকে ঘোষণা দিয়ে যুক্তরাষ্ট্র প্রবাসী গোলাম রব্বানী সোহেলের বাড়িতে দলবল নিয়ে হামলা করে ভাঙচুর চালায় এবং স্বর্ণালঙ্কারসহ নগদ টাকা লুট করে নিয়ে যায়।[১০৫] মাদারীপুরের রাজৈরে ড্রেজার দিয়ে অবৈধভাবে বালু উত্তোলনে বাধা দেয়ায় এনসিপির মাদারীপুর জেলা সমন্বয়কারী কমিটির সদস্য মহসিন ফকির ও তাঁর অন্তঃসত্ত্বা স্ত্রী জান্নাতুল জারা নিপার ওপর হামলা করে তাঁদের মারধর করে হোসেনপুর ইউনিয়ন যুবদলের নেতা এনামুল শেখ ও তার অনুসারীরা। আহত দম্পতিকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়।[১০৬]

---

[৯৭] অঢেল সম্পদ পাহারায় বিএনপি নেতার ছেলে, যুগান্তর ২৬ মে ২০২৫; https://www.jugantor.com/tp-city/958425
[৯৮] চরফ্যাশনে স্বেচ্ছাসেবক দল নেতার হামলায় ব্যবসায়ী নিহত, কালের কণ্ঠ, ৫ এপ্রিল ২০২৫; https://www.kalerkantho.com/online/country-news/2025/04/05/1500179
[৯৯] বিএনপি সভাপতির বিরুদ্ধে ৬ হাজার মন ধান লুটের অভিযোগ, যুগান্তর ২৩ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/944722
[১০০] সোনারগাঁয়ে বিএনপি নেতার বিরুদ্ধে জমি দখলের অভিযোগ, যুগান্তর ২৩ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/tp-second-edition/945025
[১০১] নাটোরে পত্রিকার সম্পাদকের দুই হাত ভেঙ্গে দেওয়ার অভিযোগ বিএনপির কর্মীদের বিরুদ্ধে, প্রথম আলো ৬ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/tmv0uidvia
[১০২] তিস্তা সেতুর টোল প্লাজায় বিএনপি নেতার নেতৃত্বে হামলা, আহত ৫, ১৪ লাখ টাকা ছিনতাই, প্রথম আলো, ২৪ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/jswpl8u2ym
[১০৩] ছাত্রলীগ নেতাকে ছাড়িয়ে নিতে ছাত্রদল নেতার গুলি, যুবদলকর্মীর মৃত্যু, মানব জমিন, ১২ জুন ২০২৫; https://mzamin.com/news.php?news=165224
[১০৪] ফেনীতে চাঁদা না পেয়ে চিকিৎসকের চেম্বারে যুবদল নেতার হামলা আহত ৩, মানবজমিন, ১৫ জুন ২০২৫; https://mzamin.com/news.php?news=165670
[১০৫] ওসমানীনগরে মাইকে ঘোষণা দিয়ে প্রবাসীর বাড়িতে হামলা, মালামাল লুট, মানবজমিন, ১৫ জুন ২০২৫; https://mzamin.com/news.php?news=165675
[১০৬] এনসিপি নেতা ও তার স্ত্রীকে মারধরের অভিযোগ, যুগান্তর ২৫ জুন, ২০২৫; https://www.jugantor.com/country-news/970058




*কিশোরগঞ্জের মিঠামইন উপজেলা বিএনপির সভাপতি জাহিদুল আলম জাহাঙ্গীরের বিরুদ্ধে ১৩ কৃষকের জমির সাড়ে ৬ হাজার মণ পাকা বোরো ধানের জমি কেটে লুট এবং মারধরের অভিযোগ উঠেছে। এই অভিযোগে সংবাদ সম্মেলন করেছেন ভুক্তভোগীরা। ছবি: যুগান্তর ২৩ এপ্রিল ২০২৫*



*হামলায় আহত চন্দ্রকলা কলেজের প্রভাষক ও স্থানীয় দৈনিক প্রান্তজন পত্রিকার সম্পাদক সাজেদুল ইসলাম। ছবি: প্রথম আলো*

৬২. আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের ওপর হামলা এবং সরকারী কর্মকর্তাদের হুমকি[১০৭] দেয়ার অভিযোগ রয়েছে বিএনপির নেতার বিরুদ্ধে। মানিকগঞ্জের সিংগাইর পৌর যুবদলের সদস্য সচিব মোহাম্মদ শফিকুল ইসলাম সরকার জীবন এবং ওয়ার্ড যুবদলের সদস্য মোহাম্মদ শফিকুল ইসলাম মদ্যপ অবস্থায় সিংগাইর থানায় ঢুকে এক পুলিশ সদস্যকে হত্যার হুমকি দেয়ায় তাদের গ্রেফতার করা হয়।[১০৮] পাবনায় শুনানীর সময় আদালতের ভেতরে ভিডিও করতে বাধা দেয়ায় পুলিশের ওপর হামলা করে বিএনপির নেতা-কর্মীরা।[১০৯] বগুড়ায় এক অপহৃত ট্রাক চালককে উদ্ধার করতে গেলে পুলিশের ওপর হামলা করে যুবদলের নেতা-কর্মীরা।[১১০] নাটোরে লালপুর থানা হেফাজত থেকে গ্রেফতারকৃত ছাত্রদল নেতাকে ছিনিয়ে নিয়ে যায় ছাত্রদলের নেতা-কর্মীরা।[১১১] বাগেরহাট জেলার কচুয়ায় এজহারনামীয় আসামীকে ছিনিয়ে নিতে পুলিশের ওপর হামলা করে বিএনপির নেতা-কর্মীরা।[১১২]

---

[১০৭] 'কথা না শুনলে ওসি ও ইউএনওনগিরি ছাড়তে হবে, যুগান্তর ১৭ জুন ২০২৫; https://www.jugantor.com/country-news/966244
[১০৮] মদ খেয়ে থানায় ঢুকে পুলিশ সদস্যকে হত্যার হুমকি, মানবজমিন, ৭ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=155398
[১০৯] আদালতের এজলাসেই পুলিশকে মারধর, বিএনপির ৬ নেতা-কর্মী আটক, কালের কণ্ঠ, ১৫ এপ্রিল ২০২৫; https://www.kalerkantho.com/online/country-news/2025/04/15/1504614
[১১০] অভিযানকালে যুবদল নেতার নেতৃত্বে পুলিশের ওপর হামলা, গ্রেপ্তার, সমকাল, ৯ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/289386/
[১১১] লালপুর থানা থেকে আসামী ছিনতাই ছাত্রদলের, প্রথম আলো, ৮ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/yonihn6gee
[১১২] ভোলা ও লাখাইয়ে বিএনপি নেতাসহ পিটিয়ে হত্যা ২, যুগান্তর ৩ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/936328

## *বিএনপি'র অভ্যন্তরীণ কোন্দল*

৬৩. এই সময়ে বিএনপির অভ্যন্তরীণ কোন্দল ব্যাপক আকার ধারণ করে। এলাকায় আধিপত্য বিস্তার,[১১৩] কমিটি গঠন[১১৪] ও সম্মেলনকে[১১৫] কেন্দ্র করে, মাদক[১১৬] ও ঝুট ব্যবসার[১১৭] নিয়ন্ত্রণ নিয়ে বিএনপির নেতা-কর্মীদের মধ্যে ব্যাপক সংঘাত-সংঘর্ষের ঘটনা ঘটে। এইসব সংঘর্ষে আগ্নেয়াস্ত্র ব্যবহার করা হয়েছে[১১৮] এবং সাধারণ মানুষসহ[১১৯] হতাহতের শিকার হয়েছেন দলীয় নেতা-কর্মীরা। অভ্যন্তরীণ সংঘাতে নিজেদের দলীয় কার্যালয়[১২০] ও নিজের দলের নেতার বাড়ি ঘর[১২১] ভাঙচুর করেছে বিএনপির নেতা-কর্মীরা।

৬৪. গত ৫ এপ্রিল রংপুরের বদরগঞ্জে আধিপত্য ও একটি ব্যবসা প্রতিষ্ঠানকে কেন্দ্র করে বিএনপি নেতা শহিদুল হক ও মোহাম্মদ আলী সরকারের সমর্থকদের মধ্যে সংঘর্ষে ইটভাটার ব্যবসায়ী লাভলু মিয়া নিহত[১২২] এবং সাংবাদিকসহ ৪০ ব্যক্তি আহত[১২৩] হন।

৬৫. গত ২১ জুন নারায়ণগঞ্জ জেলার বন্দরে টেম্পো ও ব্যাটারিচালিত অটোরিক্সা স্ট্যান্ড দখল এবং মাদক কারবার নিয়ন্ত্রণকে কেন্দ্র করে বিএনপির দুই পক্ষের মধ্যে সংঘর্ষে সত্তর বছর বয়স্ক আব্দুল কুদ্দুস এবং মেহেদী হাসান নামে এক যুবক নিহত হন।[১২৪]

## *আওয়ামীলীগের অভ্যন্তরীণ কোন্দল*

৬৬. গত ১২ মে অন্তর্বর্তীকালীন সরকার এক গেজেটের মাধ্যমে সন্ত্রাসবিরোধী (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ এবং সন্ত্রাসবিরোধী আইন, ২০০৯ এর ধারা-১৮(১) এ প্রদত্ত ক্ষমতাবলে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বাংলাদেশ আওয়ামী লীগ এবং এর সকল অঙ্গসংগঠন, সহযোগী সংগঠন ও ভ্রাতৃপ্রতিম সংগঠনের নেতা-কর্মীদের বিরুদ্ধে বিচারকার্য সম্পন্ন না হওয়া পর্যন্ত আওয়ামী লীগ এবং এর সকল অঙ্গসংগঠন, সহযোগী সংগঠন ও ভ্রাতৃপ্রতিম সংগঠনের নেতা-কর্মীদের যাবতীয় কর্মকাণ্ড নিষিদ্ধ ঘোষণা

---

[১১৩] রায়পুরে বিএনপি'র দু'পক্ষের সংঘর্ষে নিহত ১, আহত ১৫, মানবজমিন, ৮ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=155627

[১১৪] মোড়েলগঞ্জে দু'পক্ষের সংঘর্ষে ইউনিয়ন বিএনপি'র সম্মেলন স্থগিত, আহত ৩০, মানবজমিন ১৬ জুন ২০২৫; https://mzamin.com/news.php?news=165863

[১১৫] মেহেরপুরে সংঘর্ষে জেলা বিএনপি'র সদস্য সচিবসহ আহত ২০, মানবজমিন ২৪ মে ২০২৫; https://mzamin.com/news.php?news=162676

[১১৬] সীতাকুন্ডে দুই গ্রুপের সংঘর্ষে স্বেচ্ছাসেবক দল নেতা নিহত, মানব জমিন, ৩০ মে ২০২৫: https://m.mzamin.com/news.php?news=163693

[১১৭] ঝুট ব্যবসা নিয়ে বিএনপির দু'পক্ষে সংঘর্ষ, সমকাল ২৯ জুন ২০২৫; https://samakal.com/whole-country/article/302757/

[১১৮] নরসিংদীতে বিএনপি নেতার সমর্থক ও ছাত্রদলের সংঘর্ষ; গুলিবিদ্ধ ১, যুগান্তর ১৬ জুন ২০২৫; https://www.jugantor.com/tp-second-edition/966025

[১১৯] রূপগঞ্জে ছাত্রদল ও যুবদলের সংঘর্ষে গার্মেন্টসকর্মী গুলিবিদ্ধ, যুগান্তর, ১৮ জুন ২০২৫; https://www.banglatribune.com/country/dhaka/903319/

[১২০] নাটোরে তুচ্ছ ঘটনায় বিএনপির দুই পক্ষের সংঘর্ষে আহত ৬, কার্যালয় ভাঙচুর, প্রথম আলো, ১ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/wehso6kmp8

[১২১] তিন জেলায় বিএনপির সংঘর্ষে আহত ২৬, যুগান্তর, ৫ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/tp-news/937127

[১২২] রংপুরে বিএনপির সংঘর্ষে নিহত ১, আহত ১৫, সমকাল, ৬ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/288715/

[১২৩] বদরগঞ্জে বিএনপি'র দুগ্রুপের সংঘর্ষে নিহত ১, সাংবাদিকসহ আহত ৪০, মানবজমিন ৬ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=155252

[১২৪] টেম্পোস্ট্যান্ড দখলে বিএনপির দুপক্ষের সংঘর্ষে নিহত ২, আমার দেশ, ২৩ জুন ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl5_row4_date_23-06-2025_edition_2_page2_158360_449539_updated_watermarked_c4794cdd-7da9-4a5b-bad5-28ae206d3096.jpg

করে।[১২৫] কর্মকাণ্ড নিষিদ্ধ হলেও আওয়ামী লীগের নেতা-কর্মীরা দেশকে অস্থিতিশীল করার জন্য নানামুখি চেষ্টা চালাচ্ছে ও ষড়যন্ত্র করছে বলে অভিযোগ রয়েছে।[১২৬] ক্ষমতাচ্যুত হওয়ার পরও আওয়ামী লীগের দুর্বৃত্তায়ণ অব্যাহত আছে। এই সময় আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনের নেতা-কর্মীদের বিরুদ্ধে ধর্ষণের চেষ্টা[১২৭], দিনমজুরের জমি দখল[১২৮], সড়ক ও জনপথের জায়গা দখল করে ভবন নির্মাণ[১২৯], বিএনপির নেতা-কর্মীদের ওপর হামলা ও অপহরণ[১৩০], সাধারণ নাগরিকদের ওপর নিপীড়ন[১৩১], বিএনপি নেতার কব্জি কর্তন[১৩২], পুলিশের কাছ থেকে দলীয় কর্মীকে ছিনিয়ে নেয়ার[১৩৩] অভিযোগ রয়েছে।[১৩৪]

৬৭. গত ২ এপ্রিল নোয়াখালির সদর উপজেলার মাইজদীতে জাকির হোসেন আলো নামে এক বিএনপি নেতাকে কুপিয়ে জখম করে যুবলীগ নেতা পিয়াসের নেতৃত্বে একদল দুর্বৃত্ত।[১৩৫]

৬৮. বরগুনার আমতলীতে চাঁদা না দেয়ায় আওয়ামী লীগ নেতা ইসরাফিল মোল্লা ব্যবসায়ী ছিদ্দিক খানের বাড়িতে ও ব্যবসা প্রতিষ্ঠানে হামলা করে ভাঙচুর ও লুটপাট চালায়। এই ঘটনায় পাঁচ জন আহত হন।[১৩৬]

৬৯. গত ৫ এপ্রিল শরীয়তপুরের জাজিরায় আধিপত্য বিস্তার নিয়ে আওয়ামী লীগের দুই পক্ষের মধ্যে সংঘর্ষে ব্যাপক বোমাবাজির ঘটনা ঘটে। সংঘর্ষে নারীসহ ১৫ জন আহত হন।[১৩৭]

৭০. গত ২৩ এপ্রিল ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরে জামায়াতে ইসলামী একটি মিছিল বের করলে আওয়ামী লীগের নেতা-কর্মীরা দেশীয় অস্ত্র নিয়ে তাঁদের ওপর হামলা চালালে জামায়াত নেতা জসিম উদ্দিন গুরুতর আহত হন।[১৩৮]

৭১. গত ২৪ এপ্রিল মুন্সিগঞ্জের গজারিয়ায় নদী থেকে বালু উত্তোলনকে কেন্দ্র করে বিএনপি ও আওয়ামী লীগের নেতা-কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। সংঘর্ষে উভয় দলই আগ্নেয়াস্ত্র ব্যবহার করে।[১৩৯]

---

[১২৫] Govt issues gazette notification imposing ban on AL's activities; https://www.newagebd.net/post/Country/264690/
[১২৬] চট্টগ্রামে ব্যবসা প্রতিষ্ঠানে ভাঙচুরে ছাত্রলীগের সম্পৃক্ততা পেয়েছে পুলিশ, সমকাল, ৯ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/289332/
[১২৭] রাঙ্গামাটিতে ধর্ষণ মামলায় ছাত্রলীগ নেতা গ্রেপ্তার, মানবজমিন, ২৪ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=157905
[১২৮] রায়পুরে আ. লীগ নেতার বিরুদ্ধে জমি দখলের অভিযোগ, যুগান্তর, ৮ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/938614
[১২৯] সওজের জায়গা দখল করে আ.লীগ নেতার ভবন নির্মাণ, যুগান্তর, ১০ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/939642
[১৩০]সিদ্ধিরগঞ্জে অপহরণ করে স্বেচ্ছাসেবক দল নেতাকে নির্যাতন, যুগান্ত,র ৫ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/index.php/tp-city/937096
[১৩১] ফেনীতে আ'লীগ নেত্রীর নেতৃত্বে প্রতিপক্ষের ওপর হামলায় আহত ৫, নয়াদিগন্ত ২৬ এপ্রিল ২০২৬; https://dailynayadiganta.com/bangladesh/country-news/IGuluhksW4Sf
[১৩২] লোহাগড়ায় বিএনপি নেতার কব্জি বিচ্ছিন্ন, মানবজমিন, ২৩ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=157727
[১৩৩] বড়লেখায় পুলিশের থেকে ছাত্রলীগ নেতাকে ছিনিয়ে নেয়ার অভিযোগ, গ্রেপ্তার ৪, মানবজমিন ১৪ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=156483
[১৩৪] শ্রমিক লীগ নেতার বিরুদ্ধে ধর্ষণচেষ্টার অভিযোগ, যুগান্তর, ৬ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/937838
[১৩৫] বিএনপি নেতাকে কোপাল যুবলীগ-ছাত্রলীগ, সমকাল ২ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/288257/
[১৩৬] আ. লীগ নেতার বিরুদ্ধে হামলার অভিযোগ, নারীসহ আহত ৫, যুগান্তর ৪ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/936866
[১৩৭] শরীয়তপুরে দুপক্ষের সংঘর্ষের ঘটনায় ৮৮ জনের বিরুদ্ধে মামলা, গ্রেপ্তার ৭, সমকাল ৬ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/288837/
[১৩৮] নাসিরনগরে আওয়ামী লীগের হামলায় জামায়াত নেতা আহত, নয়াদিগন্ত, ২৩ এপ্রিল ২০২৫; https://www.dailynayadiganta.com/bangladesh/country-news/Kg5Yk0VgTBCs
[১৩৯] গজারিয়ায় বিএনপি ও আওয়ামী লীগের সমর্থকদের মধ্যে থেমে থেমে গোলাগুলি আতঙ্ক, প্রথম আলো ২৫ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/x7zs45d7jq

৭২.**চলতি বছরের এপ্রিল থেকে জুন পর্যন্ত সময়ে রাজনৈতিক সহিংসতায় কমপক্ষে ৭২ জন নিহত ও ১৬৭৭ জন আহত হয়েছেন। এই তিন মাসে বিএনপি'র ১০৫ টি ও আওয়ামী লীগের ০৪ টি অভ্যন্তরীণ সংঘাতের ঘটনা রেকর্ড করা হয়েছে।**

৭৩.**বিএনপি'র অভ্যন্তরীণ সংঘাতে ১৯ জন নিহত ও ৯৭৩ জন আহত এবং আওয়ামী লীগের অভ্যন্তরীণ সংঘাতে ২ জন নিহত ও ২৪ জন আহত হয়েছেন বলে জানা গেছে।**

# গ. নারীর প্রতি সহিংসতা

৭৪. ২০২৫ সালের এপ্রিল-জুন এই তিন মাসে সারা দেশে নারীর প্রতি সহিংসতা অব্যাহত ছিল। সামাজিক নিরাপত্তা ব্যবস্থার অভাব ও অকার্যকর বিচার ব্যবস্থা অধিকাংশ ক্ষেত্রে নারীর প্রতি সহিংসতাকারীদের রেহাই পাওয়ার কারণ হিসেবে মনে করা হয় । ফলে ভিকটিমরা ন্যায় বিচার থেকে বঞ্চিত হচ্ছেন।

## *ধর্ষণ*

৭৫. ধর্ষণ মামলার বিচারে অপরাধীর সর্ব্বোচ শাস্তির বিধান থাকার পরও বাংলাদেশে এই অপরাধ নিয়ন্ত্রণে আনা যাচ্ছে না। বিচারের দীর্ঘসূত্রিতা এবং অনেক ক্ষেত্রে বিচারহীনতার সংস্কৃতি ধর্ষকদের উৎসাহিত করছে। এপ্রিল-জুন এই তিন মাসে অনেকগুলো ধর্ষণের ঘটনা ঘটেছে। এই সময়ে শিশু থেকে শুরু করে ৮০ বছরের বৃদ্ধাকে পর্যন্ত ধর্ষণ করা হয়েছে।[১৪০] এমনকি চলন্ত বাসে[১৪১] ও অন্তঃসত্ত্বা নারীকে[১৪২] ধর্ষণ করা হয়েছে। ধর্ষণের শিকার মেয়ে শিশুকে এসিড দেয়া[১৪৩] এবং শিশুকে ধর্ষণের পর হত্যা করে মুখ ঝলসে দেয়া[১৪৪], ধর্ষণের পর চুল কেটে নেয়া ও লুটপাট চালানো[১৪৫], ধর্ষণে ব্যর্থ হয়ে[১৪৬] এবং ধর্ষণ পরবর্তীতে হত্যা করা[১৪৭], ধর্ষণের শিকার হয়ে আত্মহত্যার ঘটনা[১৪৮] ধর্ষণ মামলায় জামিনে মুক্ত হয়ে ভিকটিমকে অপহরণ[১৪৯], ধর্ষণ মামলা করায় মামলা তুলে নেয়ার হুমকি[১৫০] এবং ধর্ষণের শিকার নারীর স্বামীকে ওসি কর্তৃক হুমকি দেয়ার অভিযোগ রয়েছে।[১৫১] এছাড়াও ধর্ষণের শিকার নারীর বাড়িতে আগুন দিয়েছে

[১৪০] ৮০ বছরের বৃদ্ধাকে ধর্ষণের পর হত্যার অভিযোগ, যুগান্তর, ২০ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/943763
[১৪১] চলন্ত বাসে ধর্ষণের অভিযোগে চালক গ্রেফতার, প্রথম আলো, ১৭ জুন ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/rvuthmw3c5
[১৪২] অন্তঃসত্ত্বা পোশাকশ্রমিককে ধর্ষণ, বাড়িওয়ালা কারাগারে, আজকের পত্রিকা, ২৩ এপ্রিল ২০২৫; https://www.ajkerpatrika.com/bangladesh/dhaka/ajp6lffidcnkv
সাভারে অন্তঃসত্ত্বা নারী শ্রমিককে ধর্ষণের পর হত্যা, মানবজমিন, ২৮ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=158506
[১৪৩] ধর্ষণের পর শিশু জুঁই'র মুখ এসিড দিয়ে পুড়িয়ে দেয়া হয়, মানবজমিন, ১৮ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=157034
[১৪৪] স্কুলছাত্রীকে ধর্ষণ, হত্যার পর ঝলসানো হয় মুখ, সমকাল, ১৬ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/290475/
[১৪৫] ধর্ষণের পর কেটে দেয়া হলো গৃহবধূর চুল, যুগান্তর, ২০ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/tp-news/943491
[১৪৬] কুলাউড়ায় ধর্ষণে ব্যর্থ হয়ে শ্বাসরোধে স্কুলছাত্রীকে হত্যা, মানবজমিন, ১৭ জুন ২০২৫; https://mzamin.com/news.php?news=166106
[১৪৭] চন্দনাইশে তরুণীকে 'ধর্ষণের পর হত্যা', মানবজমিন, ১০ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=155933
[১৪৮] ধর্ষণের শিকার জুলাই আন্দোলনে শহীদের মেয়ের আত্মহত্যা, সমকাল, ২৭ এপ্রিল ২০২৫; https://samakal.com/capital/article/292541/
[১৪৯] ধর্ষণ মামলায় জামিনে মুক্ত হয়ে ভুক্তভোগীকে অপহরণ, খোঁজ মেলেনি ছাত্রীর, মানবজমিন ১১ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=156055
[১৫০] রায়পুরায় দুই স্কুল ছাত্রী ধর্ষণে মামলা, পরিবার নিরাপত্তাহীনতায়, সমকাল, ১২ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/289793/
[১৫১] মেহেন্দিগঞ্জে ধর্ষণের শিকার নারীর স্বামীকে ওসির হুমকি, মানবজমিন, ১৬ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=156709

ধর্ষকের পরিবার।[১৫২] এই সময়ে কিছু সংখ্যক ধর্ষক ধর্ষনের ভিডিও ধারণ করে এবং তা ইন্টারনেটে ছড়িয়ে দেয়ার ভয় দেখিয়ে ধর্ষণের শিকার নারীকে ব্লেকমেইল করে পুনরায় ধর্ষণ করেছে বা টাকা আদায় করেছে।[১৫৩]

৭৬. তৎকালীন ক্ষমতাসীন আওয়ামী-লীগ এর নেতা-কর্মীদের বিরুদ্ধে ব্যাপক ধর্ষণের অভিযোগ ছিল। হাসিনা ক্ষমতাচ্যুত হলেও আওয়ামী লীগের অঙ্গ সংগঠন নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের নেতার[১৫৪] বিরুদ্ধে এবং বিএনপি[১৫৫] এর অঙ্গ সংগঠনের নেতা-কর্মীদের বিরুদ্ধেও ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে। পুলিশের উচ্চপদস্থ কর্মকর্তার বিরুদ্ধেও ধর্ষণের অভিযোগ রয়েছে।[১৫৬]

৭৭. সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের একটি বেঞ্চ ধর্ষণের ঘটনায় সালিস বা মীমাংসা রোধে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে নির্দেশ দিলেও সালিশের মাধ্যমে অনেক ধর্ষণের ঘটনা মীমাংসা করে দিয়ে মোটা অংকের টাকা উপার্জন করছে স্থানীয় প্রভাবশালী ব্যক্তি ও রাজনৈতিক নেতারা।[১৫৭]

৭৮. গত ১৪ মে ঢাকা জেলার সাভারে দাবীকৃত যৌতুকের টাকা না দেয়ায় লতা নামে এক গৃহবধুকে ধর্ষণের পর শ্বাসরোধ করে হত্যা করে তাঁর শ্বশুর মাসুদ মিয়া। স্থানীয়রা মাসুদ মিয়াকে আটক করে গণপিটুনী দিয়ে পুলিশে সোপর্দ করে।[১৫৮]

৭৯. গত ২৯ জুন ভোলার তজুমউদ্দিনে এক গৃহবধুকে সংঘবদ্ধভাবে ধর্ষণের অভিযোগে মামলা হয়েছে উপজেলা শ্রমিক দলের যুগ্ম সাধারণ সম্পাদক মোহাম্মদ ফরিদ উদ্দিনসহ যুবদল ও ছাত্রদলের কয়েকজন নেতা-কর্মীর বিরুদ্ধে। ধর্ষণের আগে গৃহবধুর স্বামী কে চাঁদা চেয়ে মারধর করা হয় বলেও অভিযোগ করা হয়েছে।[১৫৯]

৮০. **গত তিন মাসে ২০৮ জন নারী ও শিশু ধর্ষণের শিকার হয়েছেন। এঁদের মধ্যে ৭৮ জন নারী, ১০৯ জন মেয়ে শিশু এবং ২১ জনের বয়স জানা যায়নি। ঐ ২০৮ জন নারীর মধ্যে ২০ জন গণধর্ষণের শিকার হয়েছেন এবং ০৩ জন ধর্ষণের পর হত্যার শিকার হয়েছেন। ১০৯ জন মেয়ে শিশুর মধ্যে ১৩ জন গণধর্ষণের শিকার হয়েছেন এবং ০৩ জনকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে।**

## *যৌন হয়রানি*

৮১. নারীদের উত্যক্তকরণ এবং যৌন হয়রানির ঘটনা ঘটেই চলেছে। সমাজের বিভিন্ন শ্রেণী পেশার পুরুষ কর্তৃক নারীরা যৌন হয়রানির শিকার হয়েছেন। যৌন হয়রানির ঘটনার প্রতিবাদ করায় বাবাকে হত্যা

---

[১৫২] ধর্ষিতার বাড়িতে আগুন দেওয়ার অভিযোগ ধর্ষকের পরিবারের বিরুদ্ধে, যুগান্তর, ৫ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/937412

[১৫৩] নান্দাইলে নারীকে ধর্ষণের ভিডিও ধারণ, ছবি প্রকাশ, যুগান্তর, ৫ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/tp-bangla-face/937205

[১৫৪] কলেজছাত্রীকে ধর্ষণ ও ভিডিও ধারণ, ভাইরালের হুমকি ছাত্রলীগ নেতার, সমকাল, ২৪ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/291996/

[১৫৫] বন্ধুকে ছাত্রলীগ বলে পুলিশে দিয়ে হবু বউকে ধর্ষণ, ছাত্রদল নেতা গ্রেপ্তার, মানবজমিন, ১ মে ২০২৫; https://mzamin.com/news.php?news=159005

[১৫৬] এএসপির বিরুদ্ধে ধর্ষণের অভিযোগে মামলা, যুগান্তর, ২০ মে ২০২৫; https://www.jugantor.com/national/956272

[১৫৭] প্রতিবন্ধী ছাত্রীকে ধর্ষণচেষ্টা, সালিশ করে লক্ষাধিক টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ, যুগান্তর, ১০ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/939677

[১৫৮] সাভারে পুত্রবধূকে ধর্ষণের পর হত্যার অভিযোগে শ্বশুর গ্রেফতার, মানবজমিন, ১৫ জুন ২০২৫; https://mzamin.com/news.php?news=165673

[১৫৯] তজুমদ্দিনে স্বামীকে নির্যাতনের পর গৃহবধূকে দলবদ্ধ ধর্ষণের অভিযোগে মামলা, প্রথম আলো, ৩০ জুন ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/9n9jar7ihk

করা হয়েছে।[১৬০] এই সময়ে একজন নারী সাংবাদিকের শ্লীলতাহানির পর তাঁর বিরুদ্ধে কুৎসা রটনা করা হয়েছে।[১৬১]

৮২.গত ১৪ জুন বগুড়া জেলা স্বেচ্ছাসেবক দলের সহ সম্পাদক জিতু ইসলাম শহরের শিববাড়ি এলাকার রিকশাচালক শাকিল মিয়ার অষ্টম শ্রেণী পড়ুয়া মেয়েকে বিয়ের প্রস্তাব দেয়। কিন্তু শাকিল মিয়া তাঁর কিশোরী মেয়েকে বিয়ে দিতে রাজী না হলে জিতু তাঁর মেয়েকে উক্ত্যক্ত করতে থাকে। শাকিল মিয়া এর প্রতিবাদ করলে গত ১৪ জুন জিতু তার দলবল নিয়ে শাকিল মিয়ার ওপর হামলা করে তাঁকে হত্যা করে।[১৬২]

৮৩. ফরিদপুরের নগরকান্দায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেত্রী বৈশাখী ইসলাম তাঁর বোনকে উক্ত্যক্ত করার প্রতিবাদে গত ৩০ মে থানায় জিডি করে ফেরার পথে নগরকান্দা বিএনপির যুগ্ম-সম্পাদক বদিউজ্জামান তারা মোল্লা ও তার ছেলে দলবল নিয়ে তাঁকে মারপিট করে। এই ঘটনায় মামলা হলে পুলিশ অভিযুক্তদের গ্রেফতার করতে গেলে তাঁদের ওপরও হামলা চালানো হয়। এই ঘটনায় ৩ জন পুলিশ আহত হন। পুলিশ ৬ জন অভিযুক্তকে গ্রেফতার করেছে।[১৬৩]

৮৪. মানিকগঞ্জের সিংগাইরে চায়ের দোকানদার আজগর আলীর তৃতীয় শ্রেণী পড়ুয়া নাতনীকে স্কুলে যাওয়া আসার পথে উত্ত্যক্ত করতো আল আমিন নামে এক যুবক। এই বিষয়ে আজগর আলী গত ২৮ এপ্রিল থানায় আল আমিনের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেন। এতে ক্ষিপ্ত হয়ে গত ২৯ এপ্রিল আল আমিন ও তার দলবল আজগর আলীকে তাঁর দোকান থেকে টেনে হিঁচড়ে বের করে কুপিয়ে হত্যা করে।[১৬৪]

৮৫. **এপ্রিল থেকে জুন পর্যন্ত মোট ১৪ জন নারী ও মেয়ে শিশু যৌন হয়রানির (উত্ত্যক্তকরণ) শিকার হয়েছেন। এছাড়া নারী ও শিশুদের ওপর সংঘটিত যৌন হয়রানির প্রতিবাদ করতে গিয়ে ০৩ জন পুরুষ নিহত ও ০৭ জন পুরুষ আহত হয়েছেন।**

## *যৌতুক সহিংসতা*

৮৬. যৌতুকের দাবিতে নারীদের ওপর সহিংসতা বিদ্যমান ছিল এই প্রতিবেদনকালীন তিন মাসেও। এই সময়ে যৌতুক না পাওয়ায় গৃহবধুকে গলা কেটে[১৬৫] পিটিয়ে[১৬৬], ও শ্বাসরোধ[১৬৭] করে এবং আগুনে পুড়িয়ে হত্যা[১৬৮] করা হয়েছে। হত্যা ও সহিংসতার শিকার অনেক নারী অন্তঃসত্ত্বা ছিলেন।

৮৭.গত ৯ মে সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়ায় বড় ভৈরব গ্রামে যৌতুকের জন্য সদ্যবিবাহিত স্ত্রী রাবেয়া খাতুনকে তাঁর স্বামী হৃদয় হোসেন বকুল হত্যা করে।[১৬৯]

---

[১৬০] উত্ত্যক্তের প্রতিবাদ করায় বাবাকে হত্যা, যুগান্তর, ১৮ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/942508
[১৬১] নারী সাংবাদিকের শ্লীলতাহানির পর রটানো হচ্ছে কুৎসা, সমকাল, ৪ এপ্রিল ২০২৫; https://samakal.com/bangladesh/article/288465/
[১৬২] ২২ ক্যাডার নিয়ে চলতেন স্বেচ্ছাসেবক দলের জিতু, সমকাল, ১৬ জুন ২০২৫; https://samakal.com/whole-country/article/300496/
[১৬৩] বৈষম্যবিরোধী নেত্রীর ওপর হামলা, যুগান্তর, ১ জুন ২০২৫; https://www.jugantor.com/tp-city/961031
[১৬৪] থানায় নাতনিকে উত্ত্যক্তের অভিযোগ করায় নানাকে হত্যা, মানবজমিন, ১ মে ২০২৫; https://mzamin.com/news.php?news=159037
[১৬৫] যশোরে গৃহবধূকে গলা কেটে হত্যা, লাপাত্তা স্বামী-সতিন, ইত্তেফাক, ২৮ এপ্রিল ২০২৫; https://www.ittefaq.com.bd/729431/
[১৬৬] যৌতুকের জন্য স্ত্রীকে হত্যার অভিযোগ, যুগান্তর ১৪ মে ২০২৫; https://www.jugantor.com/country-news/953645
[১৬৭] যৌতুকের বলি রেশমা, মানবজমিন, ২৫ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=158030
[১৬৮] রংপুরে যৌতুক না পেয়ে গৃবধধূকে পুড়িয়ে হত্যা, যুগান্তর, ১৬ জুন ২০২৫; https://www.jugantor.com/tp-bangla-face/965997
[১৬৯] উল্লাপাড়ায় যৌতুকের জন্য স্বামীর হাতে স্ত্রী খুন, যুগান্তর, ৯ মে ২০২৫; https://www.jugantor.com/tp-bangla-face/951590

৮৮. গত ৮ জুন রংপুরে পাঁচ লক্ষ টাকা যৌতুক না পেয়ে রেজওয়ানা নামে এক গৃহবধুকে তাঁর স্বামী আব্দুল করিম আগুনে পুড়িয়ে হত্যা করে।[১৭০]

৮৯. **গত তিন মাসে মোট ১৯ জন নারী যৌতুক সহিংসতার শিকার হয়েছেন। এর মধ্যে ১১ জন নারীকে যৌতুকের কারণে হত্যা করা হয়েছে এবং ০৮ জন বিভিন্নভাবে নিপীড়নের শিকার হয়েছেন।**

# ঘ. তৈরি পোশাক শিল্পের শ্রমিকদের অবস্থা

৯০. দেশে রপ্তানি আয়ের প্রধান উৎস তৈরি পোশাক শিল্পকে পরিকল্পিতভাবে অস্থিতিশীল করে তোলা হচ্ছে বলে অভিযোগ রয়েছে। অনেক গার্মেন্টস্ মালিকরা দেশে অবাধে লুটপাট করে দেশের বাইরে বিপুল পরিমাণ টাকা পাচার করেছে। অভিযোগ রয়েছে যে, এরা পরিকল্পিতভাবে গুজব ছড়িয়ে শ্রমিকদের মধ্যে অসন্তোষ তৈরী করেছে। এই সময়ে বেতন বৃদ্ধি, বকেয়া বেতন পরিশোধ ও কারখানা খুলে দেয়াসহ বিভিন্ন দাবিতে এবং শ্রমিক ছাঁটাই[১৭১] ও শ্রমিককে মারধর[১৭২] করার প্রতিবাদে শ্রমিকরা বিক্ষোভ-সমাবেশ ও রাস্তা অবরোধ করেন।

৯১. কর্তৃপক্ষের অন্যায় ও অমানবিক আচরণের জন্য এই সময়ে দুই জন শ্রমিক আত্মহত্যা করেছেন। গাজীপুরের মনট্রিমস লিমিটেড নামে একটি পোশাক কারখানার শ্রমিক ইদ্রিস আলী কারখানা কর্তৃপক্ষের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ এনে কারখানার ভেতরে কর্মরত অবস্থায় কেমিক্যাল পান করে আত্মহত্যা করেন। আত্মহত্যার আগে ইদ্রিস আলী ফেসবুকে কারখানা কর্তৃপক্ষের বিরুদ্ধে অভিযোগ করে একটি ষ্ট্যাটাস দেন।[১৭৩] গাজীপুরের শ্রীপুরে জিন্নাত নিটওয়্যার নামে এক পোশাক কারখানার শ্রমিক জাকির হোসেন অসুস্থতার কারণে এক দিনের ছুটি নেন। ছুটি শেষে জাকির গত ২ জুন কারখানায় আসলে উর্ধ্বতন কর্তৃপক্ষ ছুটি নেয়ার কারণে তাঁকে সহকর্মীদের সামনে কান ধরে উঠবস করায়। এই অপমান সহ্য করতে না পেরে জাকির কারখানার আট তলা থেকে নিচে লাফ দেন। গুরুতর আহতাবস্থায় জাকিরকে হাসপাতালে নেয়া হলে জাকির মারা যান।[১৭৪]

৯২. নারায়ণগঞ্জের রূপগঞ্জে রবিনটেক্স বাংলাদেশ লিমিটেড নামে একটি পোশাক কারখানায় ঈদুল ফিতরের আগে শ্রমিকদের বেতন ও বোনাস আংশিক পরিশোধ করে কারখানা বন্ধ ঘোষণা করে মালিক কর্তৃপক্ষ। এই সময় কিছু শ্রমিককে বিনা নোটিশে ছাঁটাই করা হয়। গত ৮ এপ্রিল কারখানা খোলা হলে শ্রমিকরা ছাঁটাই করা শ্রমিকদের কাজে ফেরত নেয়াসহ বিভিন্ন দাবী জানান। মালিকপক্ষ দাবী মেনে না নিলে গত ৯ এপ্রিল শ্রমিকরা কারখানা থেকে বেরিয়ে এসে ঢাকা-সিলেট মহাসড়ক অবরোধ করলে যৌথবাহিনীর সঙ্গে শ্রমিকদের সংঘর্ষে শ্রমিক, পুলিশ ও সেনাসদস্য মিলে অন্তত অর্ধশতাধিক ব্যক্তি আহত হন।[১৭৫]

---

[১৭০] রংপুরে গৃহবধূকে পুড়িয়ে হত্যার অভিযোগ, মামলা করতে ১২ ঘণ্টা ধরে থানায় পরিবার, প্রথম আলো, ১৪ জুন ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/udb8txxlix

[১৭১] শ্রমিক ছাঁটাইয়ের প্রতিবাদে মহাসড়ক অবরোধ, প্রথম আলো ২৪ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/d682e27qk7

[১৭২] শ্রমিক বিক্ষোভে মহাসড়ক অবরোধ, বাংলাদেশ জার্নাল, ২৬ এপ্রিল ২০২৫; https://www.bd-journal.com/bangladesh/287883/

[১৭৩] ফেসবুকে পোষ্ট দিয়ে কারখানাতেই শ্রমিকের 'আত্মহত্যা', ছুটি ঘোষণা, প্রথম আলো ১৮ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/0x6etr5mo9

[১৭৪] শ্রীপুরে শ্রমিক পুলিশ সংঘর্ষে শতাধিক আহত, যুগান্তর ৪ জুন ২০২৫; https://www.jugantor.com/tp-second-edition/962446

[১৭৫] রূপগঞ্জে শ্রমিকদের সড়ক অবরোধ , যৌথ বাহিনীর সঙ্গে সংঘর্ষে আহত ৫০, প্রথম আলো ৯ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/a7hl483544

৯৩. গত ৪ জুন গাজীপুরের শ্রীপুরে ডিজাইনটেক্স নিটওয়্যার ও বিবিএস ক্যাবল কারখানা কর্তৃপক্ষ ১০ জন শ্রমিককে ছাঁটাই করে তার নোটিশ কারখানার গেটে টাঙ্গিয়ে দেয়। ঈদুল আজহার ছুটি শেষে শ্রমিকরা কাজে ফেরার পর গত ১৪ জুন ছাঁটাইয়ের প্রতিবাদে শ্রমিকরা বিক্ষোভ করলে যৌথবাহিনীর সঙ্গে তাঁদের সংঘর্ষের ঘটনা ঘটে। এই সময় যৌথবাহিনী শ্রমিকদের ওপর লাঠিচার্জ করে এবং ঘটনাস্থল থেকে ৪৫ জন শ্রমিককে আটক করে।[১৭৬]

# ঙ. ধর্মীয় সংখ্যালঘুদের মানবাধিকার

৯৪.এই তিন মাসে দেশের বিভিন্ন জায়গায় ধর্মীয় সংখ্যালঘুদের কার্যক্রমে বাধা, হুমকি এবং হামলা ও ভাঙচুর করার কয়েকটি অভিযোগ পাওয়া গেছে।

৯৫.গত ৭ এপ্রিল রাজবাড়ি জেলার পাংশা উপজেলায় প্যালেসটাইনের গাজায় ইসরাইলের বর্বরতার প্রতিবাদে একটি মিছিল আহমদিয়া জামাতের প্রার্থনা স্থান অতিক্রম করার সময় কিছু দুর্বৃত্ত প্রার্থনা স্থানে হামলা চালায়। এই সময় দুর্বৃত্তরা প্রার্থনা স্থানটি ভাঙচুর করে এবং এর দরজা জানালা ভেঙ্গে ফেলে।[১৭৭]

৯৬. রাজশাহীর গোদাগাড়িতে খেতুরী ধামে হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান কল্যাণ ফ্রন্টের আয়োজনে গত ১৩ জুন হিন্দু ধর্মাবলম্বীদের মিলন মেলার আয়োজন করা হয়। মিলনমেলায় ১২ হাজার হিন্দু ভক্তের মধ্যে মহাপ্রসাদ বিতরণের প্রস্তুতি ছিল। কিন্তু গত ১২ জুন স্থানীয় বিএনপি নেতা এহসানুল কবির টুকু দলবল নিয়ে আয়োজনস্থলে হানা দিয়ে সহদেব কুমার পান্না নামে ধামের একজন ভক্তকে মারধর করে মন্দির থেকে বের করে দেয়। এই ঘটনার পর মিলনমেলা পণ্ড হয়ে যায়।[১৭৮]

# চ. বাংলাদেশ-ভারত সীমান্ত

## *বিএসএফ কর্তৃক হত্যা নির্যাতন*

৯৭.ভারতের রাজনৈতিক এবং অর্থনৈতিক আগ্রাসনের পাশাপাশি ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ বাংলাদেশী নাগরিকদের নির্বিচারে হত্যা, নির্যাতন ও নিপীড়ন অব্যাহত রেখেছে। প্রতি বছরই ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী এলাকায় বাংলাদেশী নাগরিকরা বিএসএফ এর গুলিতে বা নির্যাতনে মৃত্যুবরণ করছেন অথবা আহত হচ্ছেন।

৯৮. গত ৮ এপ্রিল ব্রাক্ষণবাড়িয়ার বিজয়নগর সীমান্তে মুরাদুর রহমান মুন্না নামে এক বংলাদেশী কৃষক নিজের ধানের জমি দেখতে গেলে বিএসএফ এর সদস্যরা তাঁকে ধরে নির্যাতন করে হত্যা করে।[১৭৯] গত ১৩ এপ্রিল ঝিনাইদহের মহেশপুর সীমান্তে বিএসএফ সদস্যরা বাংলাদেশী যুবক ওয়াসিমকে নির্যাতন করে হত্যা করে তাঁর লাশ ইছামতি নদীতে ফেলে দেয়।[১৮০] গত ২৭ এপ্রিল ঝিনাইদহের মহেশপুর সীমান্তে

[১৭৬] শ্রমিক ছাঁটাইয়ের প্রতিবাদে গাজীপুরে বিক্ষোভ, নয়াদিগন্ত, ১৫ জুন ২০২৫; https://www.dailynayadiganta.com/bangladesh/country-news/FYZACP69iEGK

[১৭৭] Attack on prayer centre of Ahmadiyas condemned, New Age 9 Aprill 2025; https://www.newagebd.net/print/post/261900

[১৭৮] বিএনপি নেতার হামলায় সনাতনীদের অনুষ্ঠান পন্ডের অভিযোগ, সমকাল, ১৪ জুন ২০২৫; https://samakal.com/whole-country/article/300277

[১৭৯] বাংলাদেশিকে পিটিয়ে হত্যা করল বিএসএফ, যুগান্তর ১০ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/tp-news/939340

[১৮০] মহেশপুর সীমান্তে বিএসএফ'র পিটুনিতে যুবকের মৃত্যু, মানবজমিন ১৩ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=156318

ওবাইদুর রহমান নামে এক বাংলাদেশী যুবককে বিএসএফ গুলি করে হত্যা করে ।[১৮১] গত ১৬ এপ্রিল লালমনিরহাট জেলার হাতিবান্ধায় বাংলাদেশী কৃষকরা ঘাস কাটার সময় বিএসএফ সদস্যরা তাঁদের লক্ষ্য করে গুলি চালালে হাসিনুর নামে এক কৃষক গুলিবিদ্ধ হন। পরে বিএসএফ সদস্যরা বাংলাদেশের ভেতরে ঢুকে হাসিনুরকে বেয়নোট দিয়ে খুঁচিয়ে হত্যা করে লাশ নিয়ে যায়।[১৮২] গত ৪ মে ব্রাহ্মণবাড়িয়ার কসবা উপজেলার মাদলা সীমান্তে বিএসএফের গুলিতে সাকিব নামে এক বাংলাদেশী যুবক নিহত হয়েছেন।[১৮৩] গত ১৭ মে ঝিনাইদহ জেলার মহেশপুর সীমান্তে বিএসএফর গুলিতে আহত নাসির উদ্দিন নামে এক বাংলাদেশী নাগরিক গত ২৯ মে চুয়াডাঙ্গা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান।[১৮৪] গত ৩১ মে মৌলভীবাজারের কুলাউড়া সীমান্তে প্রদীপ বৈদ্য নামে এক বাংলাদেশী তরুণকে বিএসএফ গুলি করে হত্যা করে।[১৮৫] গত ১৫ জুন পঞ্চগড় সদরের ঘাগড়া সীমান্তে বিএসএফ গুলি করে রাজু ইসলাম নামে এক বাংলাদেশী নাগরিককে হত্যা করে।[১৮৬]

৯৯. **এপ্রিল থেকে জুন পর্যন্ত বিএসএফ'র গুলিতে ০৯ বাংলাদেশী নিহত এবং ০৫ জন আহত হয়েছেন। নিহত ০৯ জনের মধ্যে ০৭ জনকে গুলি করে হত্যা ও ০২ জনকে নির্যাতনের মাধ্যমে হত্যা করা হয়েছে বলে অভিযোগ রয়েছে। আহত ০৫ জনের সবাইকে গুলি করে আহত করা হয়েছে।**

## *ভারত কর্তৃক বাংলাদেশের বিরুদ্ধে মিথ্যা প্রচারণা*

১০০. কর্তৃত্ববাদী হাসিনা সরকারের পতন হওয়ার পর থেকেই ভারতীয় শাসকগোষ্ঠি বাংলাদেশের অভ্যন্তরীণ স্থিতিশীলতা বিনষ্ট করার জন্য অন্তর্বর্তীকালীন সরকারের বিরুদ্ধে নানা ধরনের তৎপরতা চালিয়ে যাচ্ছে এবং ভারতীয় বেশ কিছু সংবাদ মাধ্যম বাংলাদেশ সর্ম্পকে মিথ্যা ও মনগড়া সংবাদ পরিবেশন করছে।[১৮৭] যদিও এই সমস্ত বিষয়গুলোর অধিকাংশই ফ্যাক্ট চেকিংএর মাধ্যমে মিথ্যা বলে প্রমাণিত হয়েছে। আলজাজিরা, এএফপি ফ্যাক্ট চেক, নিউইর্য়ক টাইমস ও বিবিসি এই ধরণের মিথ্যা প্রচারণার প্রমান পেয়েছে।[১৮৮]

১০১. বাংলাদেশের ইংরেজী দৈনিক ডেইলি স্টার ভবেশ চন্দ্র রায় নামে সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের এক ব্যক্তিকে অপহরণ ও হত্যা নিয়ে একটি মনগড়া ও মিথ্যা সংবাদ পরিবেশন করে।[১৮৯] এই মিথ্যা সংবাদটি ভারতীয় সংবাদ মাধ্যমগুলো বাংলাদেশের বিরুদ্ধে প্রপাগান্ডা হিসেবে ব্যবহার করে। এই সংবাদ প্রকাশের পর বাংলাদেশ-ভারত সর্ম্পকের মধ্যে এক ধরনের উত্তেজনা তৈরী হয়। ভারতের

---

[১৮১] মহেশপুর সীমান্তে বিএসএফের গুলিতে বাংলাদেশি নিহত; দি মিরর এশিয়া ২৭ এপ্রিল ২০২৫ https://bangla.themirrorasia.net/news/2025/04/27/10747

[১৮২] বিএসএফের গুলিতে বাংলাদেশি কৃষক নিহত, সমকাল, ১৬ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/290602/

[১৮৩] কসবায় বিএসএফর গুলিতে বাংলাদেশি নিহত, সমকাল ৫ মে ২০২৫; https://samakal.com/chittagong/article/293926/

[১৮৪] বিএসএফের গুলিতে আহত মহেশপুরের নাসিরের মৃত্যু, সমকাল ৩১ মে ২০২৫; https://samakal.com/whole-country/article/298177/

[১৮৫] বিএসএফের গুলিতে বাংলাদেশি নিহত, প্রথম আলো ১ জুন ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/vrq0c825s8

[১৮৬] পঞ্চগড়ে বিএসএফের গুলিতে আহত গরু ব্যবসায়ীর মৃত্যু, যুগান্তর, ১৬ জুন ২০২৫; https://www.jugantor.com/tp-news/965936

[১৮৭] ফের অন্তর্বর্তী সরকারের সমালোচনায় ভারত, কালের কণ্ঠ, ৮ মার্চ ২০২৫; https://www.kalerkantho.com/online/national/2025/03/08/1489541

[১৮৮] আলজাজিরা, ৯ আগস্ট ২০২৫ https://www.aljazeera.com/news/2024/8/8/islamophobic-alarmist-how-some-india-outlets-covered-bangladesh-crisis; AFP Fact Check, 10 January 2025: https://factcheck.afp.com/doc.afp.com.36T33HX; AFP Fact Check, 24 December 2024: https://factcheck.afp.com/doc.afp.com.36QP8JD; New York Times, 24 December 2024: https://www.nytimes.com/2024/12/24/world/asia/bangladesh-hindus.html; বিবিসি, ১৮ আগস্ট ২০২৪; https://www.bbc.com/news/articles/cx2n8pzk7gzo.amp

[১৮৯] Hindu community leader ` beaten to death after abduction in Dinajpur', Daily star,18 April 2025; https://tds-images.thedailystar.net/news/bangladesh/crime-justice/news/hindu-community-leader-beaten-death-after-abduction-dinajpur-3874331

পররাষ্ট্র মন্ত্রণালয় ভবেশ চন্দ্র রায় অপহরণ ও হত্যার শিকার হয়েছেন বলে বিবৃতি দেয়।[১৯০] পরবর্তীতে সংবাদটি অসত্য প্রমাণিত হওয়ায়  দ্য ডেইলি স্টার ভুল তথ্যের জন্য দুঃখ প্রকাশ করে প্রতিবেদনটি প্রত্যাহার করে নেয়।[১৯১]

## *অবৈধ পুশইন*

১০২. ভারতীয় শাসক গোষ্ঠি বাংলাদেশে তার স্বার্থ বজায় রাখতে বাংলাদেশ সরকারকে চাপে রাখার জন্য আন্তর্জাতিক আইন[১৯২] এবং মানবাধিকার লঙ্ঘন করে উসকানিমূলকভাবে গত ৭ মে থেকে দেশটিতে অবস্থানকারী বাংলাদেশী, রোহিঙ্গা জনগোষ্ঠি[১৯৩] এবং ভারতীয় মুসলিম নাগরিকদের জোর করে এমনকি রাতের আঁধারে বাংলাদেশে পুশ ইন (ঠেলে পাঠানো) করেছে। যাঁদের পাঠানো হচ্ছে, তাঁদের অধিকাংশ ব্যক্তিকেই অমানবিক নির্যাতনের মাধ্যমে শূন্যরেখা অতিক্রমে বাধ্য করা হয়েছে। এমনকি তাঁদের মালামাল ও নগদ অর্থ ছিনিয়ে নিয়েছে বিএসএফ সদস্যরা।[১৯৪] গত ২২ মে খাগড়াছড়ির রামগড় সীমান্ত দিয়ে মোহাম্মদ ওমেদ আলীসহ তাঁর পরিবারের ৫ জন সদস্য বাংলাদেশে প্রবেশ করেন। ভারতের হরিয়ানা থেকে গভীর রাতে তুলে এনে ত্রিপুরা নিয়ে যাওয়া হয় তাঁদের। এরপর বিএসএফ সদস্যরা তাঁদের হাত-পা বেঁধে নদীতে ফেলে দেয়। সৌভাগ্যবশত এই পরিবারের সদস্যরা প্রাণে বেঁচে যান এবং ফেনী নদী পেরিয়ে বাংলাদেশে প্রবেশ করলে বিজিবি তাঁদেরকে জিম্মায় নেয়।[১৯৫] গত ২৭ মে বাংলাদেশের কুড়িগ্রাম সীমান্ত দিয়ে ১৪ জনকে পুশইন করে বিএসএফ সদস্যরা। পুশইন হওয়াদের মধ্যে খায়রুল ইসলাম নামে ভারতের আসাম রাজ্যের একজন স্কুল শিক্ষকও রয়েছেন।[১৯৬]

১০৩. বিভিন্ন সংবাদ মাধ্যম ও *অধিকারএর সঙ্গে* সংশ্লিষ্ট সীমান্ত এলাকার মানবাধিকার কর্মীদের তথ্য অনুযায়ী ৩০ জুন পর্যন্ত নারী, শিশু, বৃদ্ধসহ ১৭৮৩ জনকে জোর করে বাংলাদেশে পাঠানো হয়েছে।[১৯৭]

## *ভারত কর্তৃক বাংলাদেশের ভূমি দখল*

১০৪. ভারতীয় শাসকগোষ্ঠি তাদের নিজেদের স্বার্থে বাংলাদেশের কতৃর্ত্ববাদী হাসিনা সরকারকে নিরঙ্কুশ সমর্থন জানিয়ে সেই আমলে তাদের ফায়দা হাসিল করে নিয়েছিল।[১৯৮] পঞ্চগড় জেলার সদর, তেঁতুলিয়া ও বোদা উপজেলার বিভিন্ন সীমান্তে ৭৩০ একরেরও বেশী অমীমাংসিত জমি বাংলাদেশের নামে দলিলপত্র থাকলেও ভারত দখল করে নেয়। ২০০৯ সালে শেখ হাসিনা ক্ষমতায় আসার পর বাংলাদেশের জমি দখল শুরু করে। সর্বশেষ ২০১৫ সালে সম্পূর্ণ জমি ভারত বিএসএফের মাধ্যমে দখল করে নেয়।[১৯৯]

---

[১৯০] একই বিষয়ে আবারো ভারতের নিন্দা জানিয়ে বিবৃতি, মানবজমিন, ২০ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=157320
[১৯১] The Daily Star retracts story on Dinajpur death, Daily Star 20 Aprill 2025; https://www.thedailystar.net/news/bangladesh/crime-justice/news/the-daily-star-retracts-story-dinajpur-death-3874331
[১৯২] Expulsions of aliens in international human rights law, OHCHR Discussion paper, Geneva, September 2006
[১৯৩] বড়লেখায় ১২ রোহিঙ্গাসহ ১৬ জনকে ঠেলে দিল বিএসএফ, সমকাল ২৪ জুন ২০২৫; https://samakal.com/whole-country/article/301873/
[১৯৪] 'বিএসএফ আমাদের সব টাকা রেখে দিয়েছে' যুগান্তর, ১২ জুন ২০২৫; https://www.jugantor.com/tp-firstpage/964173
[১৯৫] বাংলাদেশ সীমান্তে হাত-পা বেঁধে পাঁচজনকে নদীতে ফেলো দিলো বিএসএফ, নয়াদিগন্ত, ২২ মে ২০২৫; https://www.dailynayadiganta.com/bangladesh/country-news/XcU6iIzYUbMt
[১৯৬] আসামের মুসলিম শিক্ষককে পুশইন বাংলাদেশে, আমার দেশ, ২৮ মে ২০২৫; https://www.dailyamardesh.com/world/amd4b6gwqvkmx
[১৯৭] সীমান্তে অব্যাহত পুশ ইন জাতিগত দাঙ্গার উসকানি, আমার দেশ, ১৮ জুন ২০২৫; https://www.dailyamardesh.com/amar-desh-special/amdl23jbyoyte
[১৯৮] ভারতর আবদারে রামগড়ে স্থলবন্দর, বাংলাদেশের হাজার কোটি টাকা গচ্চা, আমার দেশ, ১০ জানুয়ারি ২০২৫; https://eamardesh.com/2025-01-10
[১৯৯] হাসিনার আমলে বিরোধপূর্ণ সব জমি দখলে নেয় ভারত, আমার দেশ, ১৬ জুন ২০২৫; https://www.youtube.com/watch?v=swu1bumyVi8

## ছ. সুপারিশসমূহঃ

১. আর্ন্তজাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচার কার্যক্রমকে স্বচ্ছ এবং পক্ষপাতহীন করার নিশ্চয়তা বিধান করতে হবে। ভিক্টিম, ক্ষতিগ্রস্তপক্ষ এবং স্বজন হারাদের ন্যায় বিচার ও ক্ষতিপূরণ নিশ্চিত করে তাঁদের সম্মান সুপ্রতিষ্ঠিত করতে হবে।

২. বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, নির্যাতন এবং অমানবিক ঘটনাগুলোর সঙ্গে জড়িত আইন প্রয়োগকারী সংস্থাগুলোর সংশ্লিষ্ট সদস্যদের বিচারের আওতায় আনতে হবে।

৩. নির্যাতনের ক্ষেত্রে নির্যাতন ও হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন, ২০১৩ এর প্রয়োগ নিশ্চিত করতে হবে। ২০০৩ সালে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ এবং এরপর আপিল বিভাগ কর্তৃক ব্লাস্ট বনাম বাংলাদেশ মামলায় রিমান্ডে নিয়ে নির্যাতন বন্ধের বিষয়ে যে নির্দেশনা দেয়া হয়েছিল, তা বাস্তবায়ন করতে হবে। সরকারকে নির্যাতনবিরোধী জাতিসংঘ সনদের অপশোনাল প্রোটোকল অনুস্বাক্ষর করতে হবে।

৪. গুমের বিরুদ্ধে সুনির্দিষ্ট আইন প্রণয়ন করতে হবে। গুমের সঙ্গে জড়িত ব্যক্তিদের বিচারের সম্মুখীন করতে হবে। ভিকটিম পরিবারগুলোকে ক্ষতিপূরণ দিতে হবে এবং তাঁদের যথাযথ পুনর্বাসন করতে হবে এবং যাঁরা ফিরে আসেননি, তাঁদের ভাগ্যে কী ঘটেছে, রাষ্ট্রকে তা জানাতে হবে।

৫. রাজনৈতিক দলগুলোর নেতা-কর্মীদের রাজনৈতিক সহিংসতা ও দুর্বৃত্তয়ান বন্ধ করে গণতান্ত্রিক পথে দেশকে এগিয়ে নিতে সচেষ্ট থাকতে হবে।

৬. কারা কর্মকর্তাদের অনিয়ম-অবহেলা-দুর্নীতির অভিযোগ তদন্ত করে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং কারাবন্দীদের ওপর নির্যাতন-নিপীড়নসহ সমস্ত ধরনের মানবাধিকার লঙ্ঘন বন্ধ করতে হবে এবং অসুস্থ বন্দীদের যথাযথ চিকিৎসা নিশ্চিত করতে হবে।

৭. সর্বস্তরে মতপ্রকাশ ও গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে হবে। সাংবাদিকদের বিরুদ্ধে দায়ের করা সমস্ত হয়রানিমূলক মামলা প্রত্যাহার করতে হবে এবং তাঁদের ওপর হামলার ঘটনাগুলোর সুষ্ঠু তদন্ত সাপেক্ষে দোষী ব্যক্তিদের বিচারের সম্মুখীন করতে হবে।

৮. বিশেষ ক্ষমতা আইন, ১৯৭৪ এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ সহ সমস্ত নির্বতনমূলক আইন এবং সাইবার সুরক্ষা অধ্যাদেশের নিবর্তনমূলক ধারাগুলো বাতিল করতে হবে।

৯. নারী ও শিশুদের প্রতি সহিংসতা বন্ধে দ্রুততার সঙ্গে অপরাধীদের বিচার করে শাস্তি দিতে হবে। ধর্ষণকারীসহ নারীদের ওপর সহিংসতাকারীদের বিষয়ে সালিশ করা বন্ধ করতে হবে এবং নারীর বিচার প্রাপ্তির লক্ষ্যে পুলিশকে সঠিকভাবে তদন্ত করে অভিযুক্তদের গ্রেফতার করে বিচারের সম্মুখীন করতে হবে। আদালতের মাধ্যমে নির্ধারিত যৌন হয়রানির সংজ্ঞা আইনে প্রতিফলিত হতে হবে।

১০. সীমান্তে বাংলাদেশী নাগরিকদের ভারতীয় বিএসএফ কর্তৃক হত্যা, নির্যাতনসহ সব ধরণের মানবাধিকার লঙ্ঘন বন্ধ করতে হবে। ভারত সরকার কর্তৃক অবৈধ পুশ-ইন বন্ধ করতে হবে এবং যথাযথ কূটনৈতিক প্রক্রিয়ার মাধ্যমে ভারতে অবৈধভাবে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের ফিরিয়ে আনার ব্যবস্থা করতে হবে। অন্যায়ভাবে ভারতীয় নাগরিক ও রোহিঙ্গাদের বাংলাদেশে পুশ-ইন করা বন্ধ করতে হবে। বাংলাদেশের প্রতি ভারতের আধিপত্য এবং আগ্রাসী আচরণ বন্ধ করতে হবে।